এখন বিভিন্ন মাধ্যমে উপলব্ধ
একদিন
Website : www.ekdinnews.com
http://youtube.com/@dailyekdin2165
Epaper : ekdin-epaper.com
দেখুন
শেয়ার এবং সাবস্ক্রাইব করুন

NARSINGHA
ই-পেপার: www.ekdin-epaper.com
EKDIN
# একদিন
এগিয়ে চলার সঙ্গী

রাখিব যতনে
মডার্ন গিনি হাউস প্রাঃ লিঃ
নতুন রূপে প্রতিক্ষণে
২০৮, বিপিন বিহারী গাঙ্গুলী স্ট্রিট, কলকাতা- ৭০০০১২
ফোন- ০৩৩ ২২৪১ ৬২৮১, ০৩৩ ২২৪১ ৮২০৩

৩ উচ্চশিক্ষায় গুণগত মানে জোর, পাঁচ 'এডু-সিটি' গড়ার ঘোষণা
যত বিরোধিতা, ততই বিজেপির আশীর্বাদ, দাবি অর্জুন সিংয়ের ৩

কলকাতা ২২ জুলাই ২০২৬ ৫ শ্রাবণ ১৪৩৩ বুধবার বিংশ বর্ষ ৪২ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 22.07.2026, Vol. 20 Issue No. 42, 8 Pages, Price 3.00

## চুরি রুখতে নয়া অ্যাপ 'বিদ্যুৎ প্রহরী'

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যে বিদ্যুৎ চুরি এবং বেআইনি হুকিংয়ের বিরুদ্ধে নজরদারি আরও জোরদার করতে নতুন মোবাইল অ্যাপ 'বিদ্যুৎ প্রহরী' চালু করল রাজ্য সরকার। মঙ্গলবার বিদ্যুৎ ভবনে আনুষ্ঠানিকভাবে এই অ্যাপের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। একই সঙ্গে বিদ্যুৎ দপ্তরের শীর্ষ আধিকারিকদের নিয়ে একটি উচ্চপর্যায়ের বৈঠকও করেন তিনি।

সরকারি সূত্রের খবর, সাধারণ মানুষ সহজেই নিজেদের মোবাইলে এই অ্যাপ ডাউনলোড করে ব্যবহার করতে পারবেন। কোথাও বিদ্যুৎ চুরি বা বেআইনি হুকিংয়ের ঘটনা চোখে পড়লে অ্যাপের মাধ্যমে সরাসরি বিদ্যুৎ দপ্তরে অভিযোগ জানাতে পারবেন। এই অভিযোগ পাওয়ার পর ঘটনাটি যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন সংশ্লিষ্ট আধিকারিকরা। তবে এক্ষেত্রে অভিযোগকারীর পরিচয় সম্পূর্ণ গোপন রাখা হবে বলেও প্রশাসনের তরফে আশ্বাস দেওয়া হয়েছে।

মঙ্গলবারের অনুষ্ঠান থেকে বেআইনি নির্মাণ নিয়েও কড়া বার্তা দেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, 'সমস্ত বেআইনি ভবনের বিদ্যুৎ ও জলের সংযোগ দ্রুত বিচ্ছিন্ন করার ব্যবস্থা করতে হবে।' এর পাশাপাশি পুনর্নবীকরণযোগ্য শক্তির ব্যবহার বাড়ানোর উপরও জোর দেন শুভেন্দু অধিকারী। তাঁর কথায়, 'প্রধানমন্ত্রী সূর্য ঘর যোজনায় বেশি সংখ্যক মানুষকে যুক্ত করতে হবে, যাতে সাধারণ মানুষের বিদ্যুৎ বিল কমে।'

মঙ্গলবার এই সরকারি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিদ্যুৎ দপ্তরের সচিব শান্তনু বসু, প্রতিমন্ত্রী গার্গী দাস ঘোষ-সহ দপ্তরের একাধিক আধিকারিক। এদিন মঞ্চ থেকেই সামাজিক ও উন্নয়নমূলক কাজের জন্য রামকৃষ্ণ মঠ ও মিশনের স্বামী জ্ঞানলোকানন্দ মহারাজের হাতে ৫ কোটি টাকার অনুদানের চেক তুলে দেয় পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বণ্টন সংস্থা। পরে বিদ্যুৎ দপ্তরের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার অগ্রগতি নিয়েও আধিকারিকদের সঙ্গে বিস্তারিত আলোচনা করেন মুখ্যমন্ত্রী।


ছবি: অদিতি সাহা
কসবা বাস ডিপোয় ৫০টি এসি বাসের উদ্বোধনে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ও পরিবহণ মন্ত্রী অর্জুন সিং।

# পরিবহণের আধুনিকীকরণে একগুচ্ছ ঘোষণা মুখ্যমন্ত্রীর

**নিজস্ব প্রতিবেদন:** কসবায় ৫০টি নতুন শীতাতপ নিয়ন্ত্রিত সরকারি বাসের উদ্বোধন করে মঙ্গলবার রাজ্যের পরিবহণ ব্যবস্থার আধুনিকীকরণে একাধিক পরিকল্পনার কথা জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তিনি বলেন, পরিবহণ ব্যবস্থাকে আরও পরিবেশবান্ধব, প্রযুক্তিনির্ভর এবং জনমুখী করে তোলাই সরকারের লক্ষ্য।

এদিন মুখ্যমন্ত্রী জানান, 'আজ ৫০টি পরিবেশবান্ধব বাস পরিষেবায় যুক্ত হল। এর মধ্যে ৪৩টি সিএনজি এবং ৭টি বৈদ্যুতিক বাস।' তিনি আরও বলেন, 'আগামী বছরে আরও এক হাজার নতুন বাস রাস্তায় নামানোর পরিকল্পনা রয়েছে।'

সড়ক ছাড়াও রাজ্যে নদীপথ পরিবহণ নিয়েও বড় পরিকল্পনার কথা তুলে ধরে মুখ্যমন্ত্রী বলেন, 'জেটিগুলির উন্নয়ন করা হবে। যাত্রী পরিষেবার পাশাপাশি পর্যটন ও পণ্য পরিবহণেও জলপথকে আরও কার্যকর করা হবে। সাধারণ নৌকো থেকে আধুনিক বিলাসবহুল নৌ-যান,

> কলকাতার মেট্রো কেন্দ্রীয় সরকারের অধীনে। তবে আসানসোল-দুর্গাপুর এবং শিলিগুড়ি-জলপাইগুড়িতে রাজ্য সরকারের উদ্যোগে স্টেট মেট্রো গড়ে তোলা হবে। এই প্রকল্পের দায়িত্ব মুখ্যসচিব মনোজ আগরওয়ালকে দেওয়া হয়েছে। বিশ্বব্যাঙ্ক-সহ বিভিন্ন সংস্থার সহযোগিতায় আগামী দুই থেকে তিন বছরের মধ্যে কাজ এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্য রয়েছে।
> -- শুভেন্দু অধিকারী

সবই আমাদের পরিকল্পনায় রয়েছে।'

এছাড়াও এদিন রাজ্যের মেট্রো প্রকল্প নিয়েও গুরুত্বপূর্ণ ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। তাঁর কথায়, 'কলকাতার মেট্রো কেন্দ্রীয় সরকারের অধীনে। তবে আসানসোল-দুর্গাপুর এবং শিলিগুড়ি-জলপাইগুড়িতে রাজ্য সরকারের উদ্যোগে স্টেট মেট্রো গড়ে তোলা হবে। এই প্রকল্পের দায়িত্ব মুখ্যসচিব মনোজ আগরওয়ালকে দেওয়া হয়েছে। বিশ্বব্যাঙ্ক-সহ বিভিন্ন সংস্থার সহযোগিতায় আগামী দুই থেকে তিন বছরের মধ্যে কাজ এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্য রয়েছে।'

পাশাপাশি, রাজ্য পরিবহণ দপ্তরে স্বচ্ছতা বাড়াতেও কড়া বার্তাও দেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, 'মোটর ভেহিকলস দপ্তরে কোনও দালালচক্র বরদাস্ত করা হবে না। মোটর ভেহিকলস ইন্সপেক্টর ও সংশ্লিষ্ট কর্মীদের বডি ক্যামেরা ব্যবহার করতে হবে। রাজ্যের সব দপ্তরের কাজ নজরদারির আওতায় আনা হবে, যাতে সাধারণ মানুষ কোনও হয়রানির শিকার না হন।' একই সঙ্গে রাজ্যে ১৫ বছরের বেশি পুরনো বাণিজ্যিক যানবাহন নিয়ে তিনি বলেন, 'এ ধরনের গাড়ি পরিবেশের পক্ষে ক্ষতিকর।

# প্রশ্নফাঁস মহাপাপ, আটকানোর দায়িত্ব গোটা দেশের: প্রধানমন্ত্রী



**নয়াদিল্লি, ২১ জুলাই:** ককরোচ জনতা পার্টির সংসদ অভিযানের পরের দিন নিট-কাণ্ড নিয়ে অবশেষে মুখ খুললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বললেন, প্রশ্নফাঁস মহাপাপ। তা রোখা গোটা দেশের দায়িত্ব।

এনডিএ সংসদীয় দলের 'মঙ্গল মিলন' বৈঠকের পর কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজু প্রধানমন্ত্রী মোদীর বক্তব্য উদ্ধৃত করে এ কথা জানান। বলেন, নিট প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় দোষীদের সর্বোচ্চ কঠোর শাস্তি নিশ্চিত করতে হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী। এর পাশাপাশি সাংসদদের বার্তাও নিয়েছেন মোদী। প্রধানমন্ত্রী বলেন, 'শিশুদের উস্কানি দেবেন না, ওদের সঠিক পথ দেখান।'

সংসদের লাইব্রেরি ভবনের জিএমসি বালাযোগী অডিটোরিয়ামে এনডিএ সংসদীয় দলের বৈঠকে প্রধানমন্ত্রী মোদী বলেন, 'ভুল পথে চলে যাওয়া খুব সহজ। কিন্তু সঠিক পথে ফিরে আসা অনেক বেশি কঠিন। তাই তাদের সঠিক পথে ফিরিয়ে আনার দায়িত্ব আমাদের। সেটাই আমাদের কর্তব্য।' পরে রিজিজু বলেন, 'প্রধানমন্ত্রী সব পক্ষকে একযোগে এমন একটি ত্রুটিমুক্ত ও নির্ভুল পরীক্ষা ব্যবস্থা গড়ে তোলার আহ্বান জানিয়েছেন, যাতে ভবিষ্যতে প্রশ্নপত্র ফাঁসের কোনও সুযোগ না থাকে।'

গত ৩ মে ডাক্তারির সর্বভারতীয় পরীক্ষা হয়। লক্ষ লক্ষ পড়ুয়া পরীক্ষায় বসে। কিন্তু সপ্তাহখানেকের মধ্যেই প্রকাশ্যে আসে প্রশ্নফাঁসের খবর। বাধ্য হয়ে পরীক্ষা বাতিল করে এনটিএ। হতাশায় বহু পড়ুয়া আত্মঘাতী হন। দেশজুড়ে দাবি ওঠে, পদত্যাগ করুন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান। কিন্তু তিনি নিজের অবস্থানে অনড়। ধর্মেন্দ্রর ইস্তফা দাবি করে ২৪ দিন ধরে অনশন করছেন লাদাখের শিক্ষাবিদ সোনম। সোমবার সংসদ অভিযানে শামিল হন ককরোচ জনতা পার্টির লক্ষাধিক সদস্য। কিন্তু এতকিছুতেও নিট নিয়ে একটিও শধ খরচ করেননি প্রধানমন্ত্রী।


অবশেষে নিটকাণ্ডের নিন্দা শোনা গেল প্রধানমন্ত্রীর কণ্ঠে। মঙ্গলবার এনডিএর সংসদীয় বৈঠক ছিল। সেখানেই মোদী বলেন, প্রশ্ন ফাঁসটা ঘোর পাপ হয়েছে। তবে প্রশ্ন ফাঁসের ঘটনা প্রকাশ্যে আসতেই সরকার পদক্ষেপ করেছে। যুবসমাজের ভবিষ্যৎ সুরক্ষিত করাটা সরকারের দায়িত্ব। ১৩ জন অভিযুক্তকে ইতিমধ্যেই জেলে পাঠানো হয়েছে। মোদীর কথায়, এই নিয়ে ইস্যু নিয়ে রাজনীতি করা উচিত নয়।

## মোদীর বাড়ির সামনে ধরনা, আটক রাহুলরা

**নয়াদিল্লি, ২১ জুলাই:** কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ লোককল্যাণ মার্গের মতো উচ্চ নিরাপত্তা বলয়ে অবস্থান-বিক্ষোভ না করার বার্তা দিয়েছিলেন। কিন্তু তা উপেক্ষা করেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বাসভবনের অদূরে রাহুল গান্ধি, মল্লিকার্জুন খাড়গে, প্রিয়াঙ্কা গান্ধি বঢরা-সহ কংগ্রেস সাংসদেরা রাতভর ধরনার প্রস্তুতি শুরু করেছিলেন। তাতে যোগ দিয়েছিলেন সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদবও। কিন্তু সন্ধ্যাতেই তাঁদের আটক করে বাসে তোলে দিল্লি পুলিশ।

কিন্তু মঙ্গলবার সন্ধ্যা পর্যন্ত 'বরফ গলেনি'। সূত্রের খবর, রাহুলেরা চারটি দাবিতে রাতভর ধরনায় বসার প্রস্তুতি নিচ্ছিলেন। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের ইস্তফার পাশাপাশি, পুলিশি অত্যাচারের দায় স্বীকার করে মোদী সরকারের ক্ষমাপ্রার্থনা, সংসদে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের বিবৃতি এবং কেন্দ্রীয় শিক্ষানীতি নিয়ে বাদ অধিবেশনে আলোচনার দাবি জানিয়েছেন কংগ্রেস নেতৃত্ব।

দিল্লিতে ছাত্র-যুবদের মিছিলে লাঠি, কাঁদানে গ্যাস নিয়ে 'পুলিশি হামলা'র প্রতিবাদে মঙ্গলবার মোদীর বাংলোর সামনে ধরনায় বসার আগে লোকসভার বিরোধী দলনেতা রাহুল এক্স পোস্টে লেখেন, 'শিক্ষার্থীদের ওপর হামলা মানে প্রতিটি ভারতীয় পরিবারের ওপর হামলা। প্রধানমন্ত্রী মোদী মনে করেন যে তিনি কোনও জবাব না দিয়েই, কোনও পরিণতির মুখোমুখি না হয়েই পার পেয়ে যাবেন; পারবেন না, এবার তো একেবারেই না। আমি প্রত্যেক দেশপ্রেমিক ভারতীয়ের কাছে আবেদন জানাই, যিনি বিশ্বাস করেন যে আমাদের শিক্ষার্থীদের ন্যায়বিচার পাওয়া উচিত; প্রধানমন্ত্রী আবাসনের সামনে



আমাদের ধরনায় যোগ দিন। ভারতের শিক্ষার্থীদের কণ্ঠস্বরকে উপেক্ষা করা যায় না।'

কংগ্রেস সাংসদদের পাশাপাশি দুই কংগ্রেস শাসিত রাজ্যের মুখ্যমন্ত্রী, কেরলের ভিডি সতীশন এবং কর্নাটকের ডিকে শিবকুমারও মঙ্গলবার যোগ দেন রাহুলদের ধরনা-বিক্ষোভে। প্রধানমন্ত্রী মোদীর লোককল্যাণ মার্গের বাংলোর অদূরে ধরনা-বিক্ষোভ শুরু করার পরে তাঁদের সঙ্গে গিয়ে সাক্ষাৎ করেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী জিতেন্দ্র সিং। উচ্চ নিরাপত্তা বলয়ের অন্তর্গত ওই এলাকা থেকে ধরনা প্রত্যাহারের অনুরোধ জানান তিনি। এর পরে ধরনাস্থল থেকে গিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে সাক্ষাতের পরে আবার লোককল্যাণ মার্গে ফিরে যান জিতেন্দ্র। সঙ্গে ছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন ধরনার প্রত্যাহারের জন্য শাহের আবেদনের কথা জানান কংগ্রেস নেতৃত্বকে। কাজ না হওয়ায় ধরনার স্থান থেকেই রাহুল, প্রিয়াঙ্কা, অখিলেশদের আটক করে দিল্লি পুলিশ।

# 'যাঁদের যেতে ইচ্ছে, চলে যান', নতুন সংগঠন গড়ে তোলার বার্তা তৃণমূল নেত্রীর

## রাজঘাটে শহিদ-স্মরণ সুদীপদের



**নয়াদিল্লি, ২১ জুলাই:** রাজ্যে পালাবদলের পর এখন একদা শাসক তৃণমূল কংগ্রেস ভেঙে টুকরো টুকরো হয়ে গিয়েছে। এবছর ২১ জুলাই শহিদ স্মরণে তাই নানা মঞ্চ। তার মধ্যে একটি দিল্লির রাজঘাট। সেখানে তৃণমূলত্যাগী এনসিপিআই সাংসদরা শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। সংসদ অধিবেশনের মাঝেই সুদীপ বন্দ্যোপাধ্যায়, শতাব্দী রায়, ইউসুফ পাঠান, কাকলি ঘোষ দস্তিদাররা। তবে আসেননি দেব, জুন মালিয়া, সায়নী ঘোষ-সহ ৯ জন।

এনসিপিআই সাংসদরা আগেই জানিয়েছিলেন, এসময় তাঁরা সংসদ অধিবেশনের জন্য দিল্লিতে থাকবেন। তাই সেখানেই তাঁরা শহিদ স্মরণ অনুষ্ঠান করবেন। সেইমতো মঙ্গলবার বেলার দিকে সুদীপ বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে ১২ জন সাংসদ রাজঘাটে পৌঁছন। কাকলি ঘোষ দস্তিদারের হাতে ছিল ফুলের ঝুড়ি। রাজঘাটে শহিদ বেদিতে পুষ্পার্ঘ্য দিয়ে তিরানব্বইয়ের শহিদদের শ্রদ্ধা জানান তাঁরা।

## আবার ফিরব, মমতার আক্রমণ দলত্যাগীদের

**নিজস্ব প্রতিবেদন:** কলকাতায় ২১ জুলাইয়ের সভা থেকে বিজেপি সরকারকে একের পর এক ইস্যুতে আক্রমণ করলেন মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর দাবি, রাজ্যের বর্তমান পরিস্থিতিতে অর্থনীতি ও শিক্ষাব্যবস্থা গভীর সংকটে পড়েছে।

রাজ্যের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়েও সরব হন তিনি। মঙ্গলবার কালীঘাট-তৃণমূল শিবির ছেড়ে যাওয়া নেতাদের উদ্দেশে মমতার মন্তব্য, 'যারা চলে গিয়েছে, তারা বিজেপির পাশবালিশ না হয়ে সরাসরি বিজেপিতেই যোগ দিক। তাদের জায়গা আমাদের ছাত্র-যুবরাই পূরণ করবে।'

এদিন মমতা বলেন, 'অর্থনীতিতে ধস নেমেছে, শিক্ষানীতিতেও ধস নেমেছে। যাঁদের জীবন নষ্ট হয়েছে, তাঁদের জীবন কী করে ফিরিয়ে দেবেন?' তাঁর অভিযোগ, বুলডোজার অভিযানের জেরে বিপুল সংখ্যক হকার জীবিকা হারিয়েছেন। একই সঙ্গে তিনি দাবি করেন, '২০ লক্ষ হকারের জীবন শেষ হয়ে গিয়েছে। মিড ডে মিল থেকে ডিম তুলে দেওয়া হয়েছে। সরকারি কর্মীদের দিয়ে সকাল ১০টা থেকে রাত ১১টা পর্যন্ত কাজ করানো হচ্ছে, অথচ ছ'মাসের ডিএ দেওয়া হয়নি। মাছের তেলেই মাছ ভাজছে।' তৃণমূলের দলত্যাগ প্রসঙ্গেও মঙ্গলবার স্পষ্ট বার্তা দেন তৃণমূল নেত্রী। তিনি বলেন, 'যাঁদের যেতে ইচ্ছে, তাঁরা বিজেপিতে চলে যান।



আমার ছাত্র-যুবরাই দলকে আবার ভরে দেবে। ১৯৯৭ সালের মতো আবার ফিরব, আপনাদের হারিয়েই ফিরব।'

পাশাপাশি মঙ্গলবার মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে নাম না করে কটাক্ষও করেন তৃণমূল নেত্রী। তাঁর হুঁশিয়ারি, 'আমি মুখ খুললে গত ১০ বছরের সব কথা বলে দেব। তৃণমূলে থেকে কে কী করেছে, সব মুখোশ খুলে দেব।'এছাড়াও তৃণমূল দলের প্রতীক নিয়ে আইনি লড়াইয়ের ইঙ্গিত দিয়ে মমতা বলেন, 'আমাদের প্রতীক বা সম্মান কেড়ে নেওয়ার চেষ্টা হলে আমরা চুপ করে থাকব না। প্রয়োজন হলে সুপ্রিম কোর্ট পর্যন্ত লড়াই করব।'

সভামঞ্চ থেকে এদিন দলীয় কর্মীদের উদ্দেশে তাঁর বার্তা, 'জেলায় জেলায় গিয়ে নতুন করে সংগঠন গড়ে তুলব। ভয় পেলে চলবে না। বিজেপির ভাত খাওয়ার থেকে জেলের ভাত খাওয়া ভালো।'

## অভিষেকের হাত ছাড়ুন, কর্মীদের হাত ধরুন: মদন



**নিজস্ব প্রতিবেদন:** ২১ জুলাই মেয়ো রোডে ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের শিবিরের সভা থেকে কালীঘাট-তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে উদ্দেশ করে একাধিক মন্তব্য করেন মদন মিত্র। একদিকে তিনি মমতার রাজনৈতিক অবদানের প্রশংসা করেন, অন্যদিকে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বের কড়া সমালোচনা করেন।

মঙ্গলবার তার বক্তব্যের শুরুতেই মদন বলেন, 'মমতা বন্দ্যোপাধ্যায় না থাকলে তৃণমূল কংগ্রেস আজকের জায়গায় পৌঁছত না। তাঁকে কোটি কোটি সেলাম জানাই।' এরপরই মমতার উদ্দেশে তাঁর আবেদন, 'আপনি অভিষেকের হাত ছেড়ে তৃণমূলের সাধারণ কর্মীদের হাত ধরুন। অভিষেক এক ঘণ্টার সময় দিয়েছে, আমি আপনাকে এক মাস সময় দিচ্ছি।'

## 'শহিদ দিবস রিয়্যালিটি শো নয়', তির ঋতব্রতর



**নিজস্ব প্রতিবেদন:** ২১ জুলাই মেয়ো রোডের সভা থেকে মমতা বন্দ্যোপাধ্যায় ও তাঁর নেতৃত্বকে একাধিক ইস্যুতে আক্রমণ করলেন ঋতব্রত বন্দ্যোপাধ্যায়। শহিদ দিবসের কর্মসূচির ধরন থেকে শুরু করে তদন্ত কমিশনের রিপোর্ট প্রকাশ-সহ একাধিক বিষয় তুলে ধরেন তিনি। এদিন ঋতব্রত বলেন, '২১ জুলাই শহিদ দিবস, কোনও রিয়ালিটি শো বা ক্যাটওয়াকের মঞ্চ নয়। এটি শহিদদের স্মরণ করার দিন।'

১৯৯৩ সালের ২১ জুলাই নিহতদের পরিবারের প্রতি শ্রদ্ধা জানিয়ে তিনি বলেন, 'গণতন্ত্রের লড়াইয়ে যাঁরা প্রাণ দিয়েছিলেন, তাঁদের পরিবারের প্রতি আমার প্রণাম।' এছাড়াও মমতা বন্দ্যোপাধ্যায়কে উদ্দেশ করে তাঁর প্রশ্ন, '২১ জুলাইয়ের তদন্ত কমিশনের রিপোর্ট প্রকাশ করা হল না কেন? কী বাধা ছিল?'

সভায় যোগ দিতে আসা কর্মীদের উপর হামলার অভিযোগও তোলেন ঋতব্রত। তাঁর দাবি, 'সকাল থেকে আমাদের কর্মীদের উপর হামলা হয়েছে, গাড়ি ভাঙচুর করা হয়েছে। এই ঘটনার বিরুদ্ধে পুলিশের কাছে অভিযোগ জানানো হবে।' তৃণমূলের সাংগঠনিক কাঠামো নিয়েও সমালোচনা করেন তিনি। ঋতব্রতের কথায়, 'এতদিন মঞ্চে জায়গা পেতেন সিরিয়াল বা সিনেমার তারকারা। অথচ যাঁরা সংগঠন গড়েছেন, কর্মীদের পাশে দাঁড়িয়েছেন এবং মিথ্যা মামলায় তাঁদের জন্য লড়েছেন, সেই রাজনৈতিক কর্মীরা গুরুত্ব পেতেন না।'

# সুড়ঙ্গ বিপর্যয়ে মৃত অন্তত ১১

**গ্যাংটক, ২১ জুলাই:** দক্ষিণ সিকিমের নামচি জেলার সমরডুং-এ এনএইচপিসি টানেলে ভয়াবহ ধস ও মিথেন গ্যাস লিক হয়ে ১১ জন শ্রমিকের মর্মান্তিক মৃত্যু হয়েছে। এই ঘটনায় নিহতদের মধ্যে ৭ জন পশ্চিমবঙ্গের চা বাগান শ্রমিক ছিলেন, এর মধ্যে মেটেলি ব্লকের কিলকোট চা বাগানের ১১ নম্বর লাইনের তিনজন বাসিন্দা (বাইকিসের ওরাওঁ, গ্যাবরিয়েল টিগ্গা এবং শিবা ওরাওঁ) প্রাণ হারান। স্বভাবতই এলাকায় শোকের ছায়া নেমেছে। ধসের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। মঙ্গলবার নিজের সোশ্যাল মিডিয়ার পোস্টে মুখ্যমন্ত্রী জানান, এই ঘটনার পরই সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাংয়ের সঙ্গে টেলিফোনে কথা বলে পরিস্থিতির খোঁজ নিয়েছেন।

জানা গিয়েছে, সুড়ঙ্গের ভিতরে এখনও আটকে ১৫ শ্রমিক। তাঁদের উদ্ধারের চেষ্টা চলছে। স্থানীয় সূত্রে খবর, সুড়ঙ্গের ভিতরে মিথেন গ্যাস লিক করায় উদ্ধারকাজে বেগ পেতে হচ্ছে। সুড়ঙ্গের ভিতরে প্রবেশ করা যাচ্ছে না। তা ছাড়া বৃষ্টির কারণেও উদ্ধারকাজ বাধা পাচ্ছে।

এই ঘটনায় এখনও পর্যন্ত ১২ জনকে জীবিত উদ্ধার করা হয়েছে। তবে কত জন শ্রমিক ভিতরে আটকে রয়েছেন সেই সংখ্যাটি স্পষ্ট নয় বলে জানিয়েছেন নামচির জেলাশাসক অনুপ তামাং। তবে দ্য ইন্ডিয়ান এক্সপ্রেস-এর প্রতিবেদন অনুযায়ী, নামচির পুলিশ সুপার সোনম দলমা ভুটিয়া জানিয়েছেন, ১৫ জন শ্রমিক ভিতরে আটকে রয়েছেন।

উদ্ধারকাজ চালাচ্ছে এনএইচপিসি, রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনী, জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী (এনডিআরএফ), সিকিম পুলিশ, দমকল-সহ বেশ কয়েকটি উদ্ধারকারী দল। উদ্ধারকারীরা জানিয়েছেন, মিথেন গ্যাস লিক করছে। ফলে সুড়ঙ্গের ভিতরে ঢোকা আরও কঠিন হয়ে উঠেছে। আটকে থাকা শ্রমিকদের

**সিকিম**

উদ্ধারে নেমে কয়েক জন উদ্ধারকারী মিথেন গ্যাসের কারণে অসুস্থ হয়ে পড়েন বলে প্রশাসন সূত্রে খবর। তাঁদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করানো হয়েছে। সোমবার নামচির সামারদুং এলাকার তিস্তা স্টেজ-৬ জলবিদ্যুৎ প্রকল্পের নির্মীয়মাণ সুড়ঙ্গে ধস নামে। ভিতরে আটকে পড়েন বেশ কয়েক জন শ্রমিক। ধসের জেরে সুড়ঙ্গমুখ বন্ধ হয়ে যায়।

ফলে ভিতরে থাকা শ্রমিকদের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। প্রত্যক্ষদর্শীদের মতে, সুড়ঙ্গের ভিতর থেকে হঠাৎই বিকট শধ শোনা যায় এবং মুহূর্তের মধ্যে ধস নেমে সুডঙ্গমুখ অবরুদ্ধ হয়ে পড়ে।

একদিন
আমার শহর

কলকাতা, ২২ জুলাই ২০২৬, ৫ শ্রাবণ ১৪৩৩, বুধবার

# ২১ জুলাই নিয়ে মমতা-ঋতব্রত দুই শিবিরকেই নিশানা শমীকের

**নিজস্ব প্রতিবেদন:** ২১ জুলাইকে ঘিরে তৃণমূলের দুই শিবিরকেই মঙ্গলবার একসঙ্গে আক্রমণ করলেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। তাঁর দাবি, ২১ জুলাইকে নিয়ে রাজনীতি হলেও সেই শহিদদের ন্যায়বিচারের প্রশ্ন আজও অমীমাংসিত থেকে গিয়েছে। মঙ্গলবার দুই শিবিরকেই তুলোধোনা করে শমীক বলেন, কমিশন গঠিত হয়েছিল, কিন্তু বিচার হয়নি। ২১ জুলাইয়ের শহিদদের ন্যায়বিচার কোথায়, সেই প্রশ্ন আজও বারবার উঠেছে।

তিনি আরও নির্দিষ্ট অভিযোগ করে বলেন, যে সময়ে গুলি চালানোর ঘটনা ঘটেছিল, তখন কংগ্রেস বিরোধী দলে ছিল। পরে তৃণমূল কংগ্রেস ক্ষমতায় এসেও তারা সেই ঘটনার পূর্ণ সত্য সামনে আনেনি। মমতা বন্দ্যোপাধ্যায় ও



ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের পৃথক কর্মসূচিকেও কটাক্ষ করে বিজেপি রাজ্য সভাপতি বলেন, আজ সেটা ঋত না মৃত এই বিতর্কে নেমে এসেছে। মানুষের সমস্যা নিয়ে আলোচনা করার কোনও আগ্রহ তাদের নেই।

তিনি আরও দাবি করেন, 'আমি সাংসদ থাকাকালীন বারবার জানতে চেয়েছিলাম, ২১ জুলাইয়ের ঘটনায় গঠিত কমিশনের রিপোর্ট কেন প্রকাশ করা হচ্ছে না। কমিশন গঠন হয়েছিল, কিন্তু সেই রিপোর্ট কখনও বিধানসভায় পেশ করা হয়নি।' এদিন নিজের বক্তব্য শেষে বিজেপি সরকারের প্রসঙ্গ টেনে শমীক বলেন, 'তৃণমূলের সরকার যা করতে পারেনি, বর্তমান বিজেপি সরকার সেই কমিশনের রিপোর্ট প্রকাশ করে নতুন দৃষ্টান্ত স্থাপন করতে চলেছে।'

# উচ্চশিক্ষায় গুণগত মানে জোর, পাঁচ 'এডু-সিটি' গড়ার ঘোষণা

**নিজস্ব প্রতিবেদন:** উচ্চশিক্ষায় গুণগত মান ফিরিয়ে আনতে একগুচ্ছ সংস্কারের ঘোষণা করল রাজ্য সরকার। বিধানসভায় উচ্চশিক্ষা দপ্তরের বাজেটের ওপর আলোচনার জবাবি ভাষণে উচ্চশিক্ষামন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায় অভিযোগ করেন, দীর্ঘদিন ধরে পরিকল্পনাহীন ভাবে বিশ্ববিদ্যালয় গড়ে তোলায় উচ্চশিক্ষা ব্যবস্থার মান ক্ষতিগ্রস্ত হয়েছে। সেই পরিস্থিতি বদলাতে শিক্ষক নিয়োগ, পরিকাঠামো ও শিক্ষার মানোন্নয়নে একাধিক পদক্ষেপ করা হচ্ছে বলে জানান তিনি।



মন্ত্রী বলেন, রাজ্যে উচ্চশিক্ষায় মোট ভর্তির হার জাতীয় গড়ের নীচে রয়েছে। তাঁর দাবি, একাধিক বিশ্ববিদ্যালয়ে পর্যাপ্ত শিক্ষক, স্থায়ী ক্যাম্পাস ও প্রয়োজনীয় পরিকাঠামোর অভাব রয়েছে। এই পরিস্থিতি কাটাতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের নির্দেশিকা কঠোর ভাবে কার্যকর করা হবে। প্রয়োজনীয় যোগ্যতা ছাড়া কোনও শিক্ষককে স্নাতকোত্তর স্তরে পাঠদান করতে দেওয়া হবে না। একই সঙ্গে যোগ্য অতিথি শিক্ষকদের সাম্মানিক বৃদ্ধির প্রস্তাবও অর্থ দপ্তরে পাঠানো হয়েছে বলে জানান তিনি।

বেসরকারি বি.এড, আইন, ফার্মাসি, পলিটেকনিক ও আইটিআই প্রতিষ্ঠানের ক্ষেত্রেও কড়া অবস্থান নিয়েছে সরকার। জাতীয় নিয়ন্ত্রক সংস্থাগুলির নির্ধারিত মানদণ্ড পূরণ করলেই শুধুমাত্র অনুমোদন দেওয়া হবে বলে জানান মন্ত্রী। উচ্চশিক্ষায় বিনিয়োগ টানতে রাজ্যের পাঁচটি স্থানে 'এডু-সিটি' গড়ে তোলার পরিকল্পনার কথাও ঘোষণা করেন তিনি। সরকারি-বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে এই শিক্ষা নগরীগুলি গড়ে তুলে দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণের লক্ষ্য নেওয়া হয়েছে।

মেধাবী পড়ুয়াদের উৎসাহ দিতে বিশ্বের প্রথম ১০০টি প্রতিষ্ঠানে ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের জন্য স্বামী বিবেকানন্দ বৃত্তি চালুর ঘোষণা করেন মন্ত্রী। পাশাপাশি কন্যাশ্রী প্রকল্পে এককালীন ৫০ হাজার টাকার আর্থিক সহায়তা ধাপে ধাপে দেওয়ার প্রস্তাবের কথাও জানান। এছাড়া ছাত্রঋণ প্রকল্পে ইতিমধ্যেই আড়াই লক্ষ আবেদন জমা পড়েছে, যার মধ্যে প্রায় ১ লক্ষ ১০ হাজার আবেদন অনুমোদিত হয়েছে বলেও তিনি বিধানসভায় জানান।

# নতুন বিকল্প, উচ্চ আয়ের মহিলাদের বিনামূল্যে বাসে যাতায়াতে আলাদা ব্যবস্থা

**নিজস্ব প্রতিবেদন:** ছাব্বিশের নির্বাচনের দলীয় সংকল্প পত্র অনুযায়ী নতুন সরকার তৈরি হওয়ার পরই রাজ্যে সরকারি বাসে মহিলাদের বিনামূল্যে যাতায়াত প্রকল্প চালু হয়েছে রাজ্যে। যদিও সেই প্রকল্পেই নতুন ব্যবস্থা আনার ইঙ্গিত দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। মঙ্গলবার তাঁর বক্তব্য, যাঁরা ইচ্ছা করেও বিনামূল্যে পরিষেবা নিতে চান না, তাঁদের জন্যও বিকল্প ব্যবস্থা করা হবে।

মঙ্গলবার কসবার পরিবহন দপ্তরের সরকারি অনুষ্ঠানে ৫০টি শীতাতপ নিয়ন্ত্রিত বাসের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী জানান, রাজ্যে মহিলাদের বিনামূল্যে বাস পরিষেবার জন্য খুব শীঘ্রই চালু করা হবে 'পিঙ্ক কার্ড'। পাশাপাশি সরকারি বাসে শুধুমাত্র মহিলাদের জন্য সংরক্ষিত 'পিঙ্ক সিটে'র ব্যবস্থাও করা হয়েছে। মঙ্গলবার মুখ্যমন্ত্রী আরও বলেন, 'সরকারি বাসে মা-বোনদের বিনামূল্যে যাতায়াতের ব্যবস্থা করেছি। তাই তাঁদের টিকিট কাটতে হয় না। কিন্তু অনেক মহিলা নিজে ভাড়া দিয়ে যাতায়াত করতে চাইছেন।'

এদিন তিনি জানান, অনেক মহিলা যাত্রী জানিয়েছেন, তাঁদের মাসিক আয় ৭০-৮০ হাজার টাকা। তাই তাঁরা বিনামূল্যের সুবিধা নিতে স্বচ্ছন্দ নন। তাদের আবেগকে সম্মান দিয়ে এদিন মুখ্যমন্ত্রী বলেন, এই বিষয়টি মাথায় রেখেই তাঁদের জন্য আলাদা বিকল্প ব্যবস্থা করা হবে। যদিও মঙ্গলবার একই সঙ্গে বাস পরিষেবা নিয়ে যাত্রীদের নির্দিষ্ট অভিযোগের কথাও উল্লেখ করেন তিনি। কিছু মহিলার অভিযোগ, বিনামূল্যে যাত্রার কারণে অনেক সময় বাস তাঁদের দেখেও নির্দিষ্ট স্টপেজে দাঁড়ায় না। এই ধরনের সমস্যার সমাধানেও উদ্যোগ নেওয়া হচ্ছে বলে জানান মুখ্যমন্ত্রী।

এদিন তিনি আরও বলেন, পিঙ্ক কার্ড চালু হলে বিনামূল্যে যাতায়াতের জন্য জিরো ভ্যালু টিকিট দেওয়া হবে। আর যাঁরা ভাড়া দিয়ে যাতায়াত করতে চান, তাঁদের জন্যও শীঘ্রই পৃথক ব্যবস্থা করা হবে।

# যত বিরোধিতা, ততই বিজেপির আশীর্বাদ, দাবি অর্জুন সিংয়ের



**নিজস্ব প্রতিবেদন:** মঙ্গলবার ২১ জুলাইয়ের কর্মসূচি ঘিরে তৃণমূলের দুই শিবিরকেই একযোগে আক্রমণ করলেন রাজ্যের পরিবহণ ও শ্রমমন্ত্রী অর্জুন সিং। তাঁর দাবি, এখন তৃণমূলের মধ্যে মানুষের জন্য রাজনীতি করার মানসিকতা আর নেই, তাই তাদের কর্মসূচিতেও মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ দেখা যাচ্ছে না। মঙ্গলবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে অর্জুন সিং বলেন, 'কে আছে, কে নেই, সেটা নিয়ে আমার কিছু বলার নেই। কিন্তু তৃণমূলের দুই পক্ষই একে অপরকে আক্রমণ করছে। এতে পরিষ্কার, দলের ভিতরেই ভাঙন চরমে পৌঁছেছে।' তাঁর আরও অভিযোগ, 'তৃণমূল শুধু সরকারি সুবিধাভোগীদের দল হয়ে উঠেছিল। সরকার চলে যাওয়ার পর সেই দলের আর কোনও ভিত্তি নেই। মানুষের পাশে দাঁড়ানোর কোনও আগ্রহও তাদের নেই। সাধারণ মানুষ তাদের আসল চেহারা চিনে গিয়েছেন।'

এদিন তৃণমূল নেতৃত্বকে নিশানা করে পরিবহন মন্ত্রী আরও বলেন, 'মানুষের মধ্যে তাঁদের বিশ্বাসযোগ্যতা নেই। বিরোধী দল হিসেবে তাঁরা মানুষের আস্থা হারিয়েছেন। যত বেশি বিজেপির বিরোধিতা করবেন, ততই মানুষ বিজেপিকে আরও বেশি আশীর্বাদ করবেন।'

# রক্ত পাচারে বেসরকারি ব্লাড ব্যাঙ্ক স্বাস্থ্য ভবনের স্ক্যানারে

**নিজস্ব প্রতিবেদন:** টাকার বিনিময়ে রক্ত বিক্রি করার অভিযোগের সংখ্যা বাড়ছে ব্লাড ব্যাঙ্কগুলির বিরুদ্ধে। কলকাতার বুকে মানুষের দান করা রক্ত এবং প্লাজমা ভিন রাজ্যে চড়া দামে বিক্রির অভিযোগে এবার দক্ষিণ কলকাতার এক বেসরকারি ব্লাড ব্যাঙ্ক স্বাস্থ্য ভবনের স্ক্যানারে। দক্ষিণ কলকাতার পদ্মপুকুরের পরে এবার যোধপুর পার্ক। সময় যত এগোচ্ছে, রাজ্য জুড়ে চলা রক্ত পাচারের এই চক্রের জাল কতদূর বিস্তৃত, তা খতিয়ে দেখতে তদন্তে স্বাস্থ্য ভবন।

সূত্রে খবর, রাজ্যের অন্তত সাতটি বেসরকারি ব্লাড ব্যাঙ্ক এই পাচারচক্রের সঙ্গে সরাসরি যুক্ত বলে প্রাথমিক তদন্তে জানতে পেরেছেন স্বাস্থ্য ভবনের কর্তারা। এর মধ্যে চারটি ব্লাড ব্যাঙ্কের নথিপত্র বাজেয়াপ্ত করা হয়েছে। বাকিদেরও নথি খতিয়ে দেখার কাজ চলছে। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের নির্দেশিকা অনুযায়ী, এক রাজ্য থেকে অন্য রাজ্যে বিপুল পরিমাণ রক্ত বা রক্তের উপাদান পাঠাতে হলে 'স্টেট ব্লাড ট্রান্সফিউশন কাউন্সিল' এবং 'ন্যাশনাল ব্লাড ট্রান্সফিউশন কাউন্সিলে'র লিখিত অনুমতি নেওয়া বাধ্যতামূলক।

এদিকে স্বাস্থ্য ভবন সূত্রে খবর, স্টেট ব্লাড ট্রান্সফিউশন সেলের তল্লাশিতে যোধপুর পার্কের ওই ব্লাড ব্যাঙ্কের বেনিয়ম প্রথম নজরে আসে। বিভিন্ন রক্তদান শিবির থেকে সংগ্রহ হওয়া রক্ত এবং রোগীদের বিক্রি করা রক্তের হিসেবে অসঙ্গতি উঠে আসে।

এর পরেই দেখা যায়, প্রতিবেশী রাজ্য বিহারের অসংখ্য বেসরকারি ব্লাড ব্যাঙ্কে মোটা টাকায় বিক্রি করা হয়েছে এখানকার রক্ত। পাশাপাশি, একাধিক বহুজাতিক সংস্থাকে বিক্রি করা হয়েছে কয়েক হাজার লিটার প্লাজমা। ব্লাড ব্যাঙ্ক থেকে ভিন রাজ্যে রক্ত পাচারের নথি বাজেয়াপ্ত করে স্বাস্থ্য ভবন। ওই ব্লাড ব্যাঙ্ক কর্তৃপক্ষকে প্রথমে শোকজ করে স্বাস্থ্য ভবন। তবে ওই সংস্থার তরফে পাঠানো জবাব সন্তোষজনক না-হওয়ায় কাল, বুধবার রক্ত কেনাবেচার যাবতীয় নথি নিয়ে স্বাস্থ্য ভবনে হাজিরার নির্দেশ দেওয়া হয়েছে কর্তৃপক্ষকে।

এ প্রসঙ্গে স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় জানান, 'বিষয়টি অত্যন্ত সংবেদনশীল। আমাদের কাছে বেশ কিছু সুনির্দিষ্ট অভিযোগ এসেছে। তবে কোনও অভিযোগ পেলেই সঙ্গে সঙ্গে স্বাস্থ্য দপ্তর চূড়ান্ত রায় দিতে পারে না।' তাঁর কথায়, অভিযোগের সত্যতা প্রমাণে যথাযথ তদন্ত প্রয়োজন। সমস্ত খুঁটিনাটি তথ্য খতিয়ে দেখে উপযুক্ত পদক্ষেপ নেওয়া হবে বলেও জানান স্বাস্থ্যমন্ত্রী।

# আসানসোল-দুর্গাপুরে 'সিটি মেট্রো', বিশ্বব্যাঙ্ককে সঙ্গে নিয়ে প্রকল্প তৈরির ঘোষণা মুখ্যমন্ত্রীর

**নিজস্ব প্রতিবেদন:** দিল্লির মতোই রাজ্যে আসানসোল-দুর্গাপুর এবং শিলিগুড়ি-জলপাইগুড়ি করিডরে 'সিটি মেট্রো' চালুর পরিকল্পনা বাস্তবায়নে আরও একধাপ এগোল রাজ্য সরকার। মঙ্গলবার মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, এই প্রকল্পের বিস্তারিত রূপরেখা তৈরির কাজ দ্রুত শুরু করতে মুখ্যসচিব মনোজ আগরওয়ালকে দায়িত্ব দেওয়া হয়েছে।

মঙ্গলবার মুখ্যমন্ত্রী আরও বলেন, 'বিশ্বব্যাঙ্ককে সঙ্গে নিয়ে প্রকল্পের পরিকল্পনা তৈরি করার দায়িত্ব মুখ্যসচিবকে দেওয়া হয়েছে।' রাজ্য সরকারের পরিকল্পনা অনুযায়ী, আসানসোল-দুর্গাপুর করিডরে ভূগর্ভস্থ নয়, এরিয়াল মেট্রো চালু করা হবে। এই ধরনের মেট্রো নির্মাণে খরচ তুলনামূলক কম হওয়ায় প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের সম্ভাবনা রয়েছে। সরকারি সূত্রের খবর, এই প্রকল্পের কারিগরি ও অর্থনৈতিক সম্ভাব্যতা যাচাইয়ের দায়িত্ব দেওয়া হয়েছে রেলের বিশেষজ্ঞ সংস্থা রাইটসকে। সেই



সমীক্ষার কাজ প্রায় শেষ পর্যায়ে। এরপরই বিস্তারিত প্রকল্প প্রতিবেদন (ডিপিআর) তৈরির কাজ শুরু হবে।

বর্তমানে আসানসোল থেকে দুর্গাপুরে সড়কপথে যেতে প্রায় ৪০ থেকে ৪৫ মিনিট এবং ট্রেনে ৩০ মিনিটের বেশি সময় লাগে। রাজ্য সরকারের আশা, মেট্রো পরিষেবা চালু হলে এই দুই শিল্পনগরীর মধ্যে যাতায়াত আরও দ্রুত ও সহজ হবে। যদিও প্রকল্পের কাজ কবে শুরু হবে বা কবে শেষ হবে, সে বিষয়ে এখনও নির্দিষ্ট সময়সীমা ঘোষণা করা হয়নি। তবে এদিন মুখ্যমন্ত্রীর বক্তব্য, এই প্রকল্প বাস্তবায়নে সরকার দৃঢ়প্রতিজ্ঞ।

# যাঁরা দল ছেড়েছেন, তাঁদের আর ফিরিয়ে নেবেন না: অভিষেক

**নিজস্ব প্রতিবেদন:** ২১ জুলাইয়ের সভা থেকে দলত্যাগী নেতাদের বিরুদ্ধে কড়া অবস্থান নেওয়ার বার্তা দিলেন তৃণমূল নেতা অভিষেক বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার তার বক্তব্যের শুরুতেই তিনি মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, কলকাতা পুলিশ এবং বিজেপিকে একযোগে আক্রমণ করেন।

এদিন অভিষেকের দাবি, সব চেষ্টা করেও বিজেপি ২১ জুলাইয়ের কর্মসূচি আটকাতে পারেনি। এছাড়াও মঞ্চ থেকে দলীয় কর্মীদের উদ্দেশে তিনি বলেন, প্রতিকূল পরিস্থিতিতেও যাঁরা সব প্রলোভন উপেক্ষা করে দলের পাশে দাঁড়িয়েছেন, 'তাঁরাই প্রকৃত তৃণমূল কর্মী।

নেত্রীর কাছে আমার একটাই অনুরোধ, যাঁরা দল ছেড়ে চলে গিয়েছেন, সেই গদ্দারদের আর দলে ফিরিয়ে নেওয়া হবে না।' পাশাপাশি এদিন বিজেপিকে আক্রমণ করে অভিষেক বলেন, 'প্রয়োজনে ফুটপাথেই থাকব, কিন্তু লড়াই চালিয়ে বিজেপিকে হারাব। ওদের কাছে পুলিশ, কেন্দ্রীয় সরকার এবং ক্ষমতা আছে, কিন্তু মানুষের সমর্থন নেই। বাংলার মানুষ জানেন, কী ভাবে বিজেপি ক্ষমতায় এসেছে।'

# কালীঘাটপন্থী তৃণমূলের মঞ্চে হামলার অভিযোগ আদালতে



**নিজস্ব প্রতিবেদন:** কালীঘাটপন্থী তৃণমূলের মঞ্চে হামলার অভিযোগ। আর তার জেরে ২১ জুলাইয়ের প্রাক্কালে সারারাত রাস্তায় কাটিয়েছেন খোদ মমতা বন্দ্যোপাধ্যায়। হাইকোর্ট নির্দেশ দেওয়ার পরও কীভাবে এমন ঘটনা ঘটল, সেই প্রশ্ন এবার উঠল কলকাতা হাইকোর্টে। আদালতের অনুমতিতে ২১ জুলাইয়ের সভা হচ্ছে তারামণ্ডলের সামনের রাস্তায়। সেই সভা ঘিরেই অভিযোগ। এদিকে সূত্রে খবর, এই ঘটনার পরই রাতেই আদালতের দ্বারস্থ হয় তৃণমূল। এরপর সকালে সভা চলাকালীন শুনানি হয় হাইকোর্টে।

বিচারপতি সৌগত ভট্টাচার্য বলেন, 'কী করে এমন ঘটনা ঘটে? যেখানে কোর্টের অনুমতিতে এটা হচ্ছে।' এজি বলেন, একদল বাইক আরোহীর সঙ্গে কিছু গোলমাল হয়, স্লোগান দেওয়া হয়। কোনও মঞ্চ ভাঙা হয়নি। একটা ফেস্টুন বা ফ্ল্যাগ ছেঁড়া হয়ে থাকতে পারে। রাতেই পুলিশ যায়। তবে বারংবার বলার পরেও কোনও অভিযোগ করা হয়নি। ডিসি দায়িত্ব নিয়েছেন। পুলিশ স্বতঃপ্রণোদিত মামলা করেছে।

এই প্রসঙ্গে বিচারপতি এও বলেন, 'কোর্টের অনুমতিতে ওখানে সভা হচ্ছে। ইলেকট্রিক মিস্ত্রিকে নাকি থ্রেট দেওয়া হয়েছে? যুগ্ম কমিশনারকে নির্দেশ কার্যকরের রিপোর্ট দিতে হবে আদালতে। কোর্টের অর্ডারে যে সভা হচ্ছে, সেই মঞ্চ কি করে ভাঙার অভিযোগ ওঠে?' পাশাপাশি বিচারপতি এও উল্লেখ করেন, '১২টা থেকে সরে ৩টে পর্যন্ত অনুষ্ঠান হওয়ার কথা। কিন্তু তার জন্য ওই রাস্তা বেশিক্ষণ আটকে রাখা যাবে না। অনুষ্ঠানের পরই মঞ্চ খুলে নিতে হবে। যদি পুলিশ আশ্বাস দিয়ে থাকে, তারপরেও কী করে এটা হয়! যেখানে নিরাপত্তার কথা কোর্ট লিখেছে।'

পাশাপাশি হাইকোর্ট এও নির্দেশ দেয়, মঙ্গলবার রাত ৯টার মধ্যে ওই রাস্তা থেকে যাবতীয় মালপত্র সরিয়ে নিতে হবে। আগামী ৩১ জুলাই যুগ্ম কমিশনারকে নির্দেশ কার্যকরের রিপোর্ট দিতে হবে। এদিন কোনও ভাবেই যাতে নিরাপত্তা বিঘ্নিত না-হয়, তা নিশ্চিত করতে হবে পুলিশকে।

# মহুয়া মৈত্রকে রক্ষাকবচ হাইকোর্টের

**নিজস্ব প্রতিবেদন:** কালীঘাট তৃণমূল সাংসদ মহুয়া মৈত্রকে রক্ষাকবচ দিল কলকাতা হাইকোর্ট। বিচারপতি সৌগত ভট্টাচার্যের এজলাসে মঙ্গলবার এই মামলার শুনানি ছিল। বিচারপতির পর্যবেক্ষণ, মহুয়া মৈত্রের বিরুদ্ধে দায়ের হওয়া অভিযোগের সব ক্ষেত্রেই সাজা ৭ বছরের মধ্যে। তাই এই মামলায় তিনি তদন্তে সহযোগিতা করলে তাঁর বিরুদ্ধে কোনও কড়া পদক্ষেপ করবে না পুলিশ।

এদিন আদালতে মহুয়ার আইনজীবীর তরফে জানানো হয়, বর্তমানে তিনি লোকসভায় অধিবেশনে ব্যস্ত। ১৪ অগাস্ট বিকাল ৩ টায় তিনি হাজির হবেন। পাশাপাশি বিচারপতি এদিন এও স্পষ্ট করে দেন, ৫ অক্টোবর পর্যন্ত রক্ষাকবচ বজায় থাকবে। তবে তিনি তদন্তে সহযোগিতা না-করলে সেটা রাজ্য হাইকোর্টকে জানাবে।

শুনানিতে মহুয়ার আইনজীবী আবেদন করেন, 'মহুয়া মৈত্রের উপরে ডিম হামলার পালটা অভিযোগে পুলিশ তাঁকে তলব করেছে। তাঁকে ভার্চুয়াল মাধ্যমে কথা বলার সুযোগ দেওয়া হোক।' এরই প্রেক্ষিতে এজি বলেন, 'এর আগে তাঁকে তলব করা হয়েছিল। সেই নোটিস গ্রহণ করেও তিনি হাজির হননি। উলটে জানিয়েছিলেন, যে ঠিকানায় নোটিস সেটা নির্মীয়মাণ ভবন। অথচ নোটিস গ্রহণ করেছেন।' সঙ্গে এজি আদালতে এও জানান, মোট চারটে নোটিস দেওয়া হয়েছে। তিনি হাজির হননি। তিনি রক্ষাকবচ চাইতে পারেন।

# অপরাধীর সন্ধানে দেশের 'ক্রাইম্যাকে'র নেটওয়ার্কে পুলিশও

**নিজস্ব প্রতিবেদন:** অপরাধীর সন্ধানে দেশের 'ক্রাইম্যাকে'র নেটওয়ার্কে এবার যুক্ত হল কলকাতা পুলিশও। এর ফলে কলকাতার কোনও অপরাধী দেশের কোনও জায়গায় পালালেও তার হদিশ পাওয়া আরও সহজ হবে পুলিশের পক্ষে। সম্প্রতি পুলিশ আধিকারিকদের ক্রাইম্যাকে যুক্ত হওয়ার নির্দেশ দিয়েছে লালবাজার।

পাশাপাশি লালবাজার সূত্রে খবর, ন্যাশনাল ক্রাইম রেকর্ড ব্যুরোর আওতায় ক্রাইম মাল্টি এজেন্সি সেন্টার বা ক্রাইম্যাকের মাধ্যমে সারা দেশের অপরাধ ও অপরাধীদের ব্যাপারে তথ্যের আদানপ্রদান করে পুলিশ ও গোয়েন্দা সংস্থা। অনেক সময়ই বিভিন্ন রাজ্যের পুলিশের মধ্যে যোগাযোগ থাকে না। আবার কেন্দ্রীয় এজেন্সির সঙ্গেও পুলিশের যোগাযোগের ক্ষেত্রেও থেকে যাচ্ছে নানা ফাঁক। এই ফাঁক যাতে না থাকে, আর সেই সুযোগে যাতে ক্রিমিনালরা না গা ঢাকা দেয় তার জন্যই কলকাতা পুলিশ ও রাজ্য পুলিশের আধিকারিকদের এই নেটওয়ার্ক ব্যবহার করার ব্যাপারে গুরুত্ব দেওয়া হচ্ছে।

এই প্রসঙ্গে লালবাজারের তরফ থেকে আরও নির্দেশ, প্রত্যেক থানার আধিকারিক যেন এই ক্রাইম্যাক পোর্টাল ব্যবহার করেন। এই পোর্টালের মাধ্যমে প্রয়োজনে দেশের যে কোনও থানার আধিকারিকদের সঙ্গে যোগাযোগ করতে পারেন কলকাতা পুলিশের আধিকারিকরা। এর ফলে দেশের যে কোনও বড় মামলা বা ঘটনার তদন্ত সংক্রান্ত তথ্য জানতে



পারবেন তাঁরা। পাশাপাশি আন্তঃরাজ্য অপরাধীদের গ্রেপ্তারের ব্যাপারেও এই তথ্য পুলিশকে সাহায্য করবে। কলকাতা থেকে কোনও অপরাধী বাইরের কোনও শহরে লুকিয়ে থাকলে অথবা অন্য শহরের কোনও অপরাধী কলকাতায় গা ঢাকা দিয়ে থাকলে তাদের সন্ধান পাওয়া বা চিহ্নিত করার ক্ষেত্রেও সুবিধাজনক হতে পারে। কোনও রাজ্য বা শহরের পুলিশ অপরাধীদের কাছ থেকে কিছু উদ্ধার করলে তা জানা ও সেই তদন্তকে সাহায্য করাও সম্ভব হবে। জাতীয় স্তরে কোনও হাই অ্যালার্ট জারি করলে এই ক্রাইম্যাকের মাধ্যমেই পুলিশ সেই তথ্য জানতে পারবে।

এই প্রসঙ্গে লালবাজারের পক্ষ থেকে ডিভিশন ও অন্যান্য বিভাগের ডিসি ও থানার আধিকারিকদের বলা হয়েছে, আইসিজেএস ক্রেডেনশিয়াল, যা একমাত্র পুলিশই ব্যবহার করতে পারে, তারই মাধ্যমে লগ ইন করতে। দিনে একবার বা প্রয়োজনে একবারের বেশি সময়ের জন্যও ক্রাইম্যাক পোর্টাল লগ ইন করে কাজ করতে। এই পোর্টালের মাধ্যমে পুলিশ একসঙ্গে একাধিক ব্যক্তিকে মেসেজ বা মেল পাঠাতে পারে। 'সার্চ অপশনে' ক্লিক করে তথ্য জেনেও নেওয়া যেতে পারে।


## সম্পাদকীয়

## ‘অভিষেকের এক ঘণ্টার চ্যালেঞ্জ’, একেই কি বলে বিলম্বে বোধোদয়

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক তথা ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় হঠাৎই শিরোনামে। মমতা বন্দ্যোপাধ্যায়কে ছেড়ে যাওয়াদের এবার দলে ফেরার আহ্বান নয়, চ্যালেঞ্জ ছুড়ে দিলেন তিনি। প্রকাশ্যে ঘোষণা করলেন, আপনার ফিরে আসুন, আমি এক ঘন্টার মধ্যে দলের সব পদ থেকে সরে যাবো। এই চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে তিনি বলছেন, অবশ্য জানি আপনারা ফিরতে পারবেন না। অভিষেকের এই চ্যালেঞ্জ নিয়ে সংবাদমাধ্যমে হইচই হলেও বাস্তবে যে এর কোনও মূল্যই নেই, সেটা গত কয়েকদিনে স্পষ্ট বুঝিয়ে দিয়েছেন দলত্যাগী সাংসদ, বিধায়ক, নেতা, কর্মীরা। তারা বলছেন, এটা বিলম্বে বোধোদয়। অনেকে তো প্রকাশ্যেই বলছেন, দল হেরে যাওয়ার আড়াই মাস পর এসব কথার আর কোনও গুরুত্বই নেই। তিন যদি সত্যিই দলের ভালো চাইতেন, দলের ভবিষ্যত নিয়ে চিন্তা করতেন, তাহলে ফল প্রকাশের পর এতদিন অপেক্ষা করতেন না। ৫ মে-তেই ইস্তফা দিয়ে দিতেন। আর সেটা করতে পারলে আজকের দিনটাই দেখতেই হত না। কিন্তু তিনি যখন সে পথে হাঁটেননি, তখন আর এসব বলে কী লাভ? এটা বাস্তব যে মমতা বন্দ্যোপাধ্যায় ও তৃণমূল কংগ্রেসের বর্তমান পরিণতির জন্য পুরোটা না হলেও অনেকাংশেই দায়ী অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কার্যকলাপ ও আচরণ। একা দল চালানো, আইপ্যাক ছাড়া কাউকে পাত্তা না দেওয়া, কারও পরামর্শ না শোনা, সিনিয়রদের অসম্মান করা, সহ গুচ্ছ অভিযোগ তাঁর বিরুদ্ধে। মজার কথা, যতদিন দল ক্ষমতায় ছিল ততদিন কোনও সমস্যা হয়নি। কিন্তু এখন দলটা আর সরকারে নেই, সেটা তিনি বুঝেও বুঝতে চাইছেন না। মমতা বন্দ্যোপাধ্যায়ের আন্দোলন দিয়ে তিল তিল করে গড়ে তোলা একটা রেডিমেড সাম্রাজ্যের ওপর বসে ছড়ি ঘুরিয়েছেন তিনি। সবাই মেনে নিয়েছিল, কিন্তু এখন কে মানবে তাঁর নেতৃত্ব? জীবনে বিরোধী রাজনীতি না করা অভিষেকের পক্ষে তাই এই পরিস্থিতি বোঝার ক্ষমতাই নেই। ফলে তার চ্যালেঞ্জ ট্যালেঞ্জ নিয়ে সংবাদমাধ্যম সরগরম হলেও বাস্তবে এই সবের কোনও মূল্যই নেই। উনি বাসটা মিস করে ফেলেছেন।

### শব্দছক ২২৩

রবি দাস



**পাশাপাশি:** ১. অত্যন্ত করুণ ৪. পা দিয়ে পান করে যে ৬. মুসলমান সাধু ৭. রসপূর্ণ ৯. কামনা করা ১১. নতুন ১৪. স্বামী বর্তমান যে বিবাহিত নারীর ১৬. মনের আদান প্রদান ১৯. চন্দ্রাতপ ২০. মাতুল ২১. বোকা ২২. ননি

**ওপর-নিচ:** ১. পীড়ন ২. পত্নী ৩. কোমল ৪. পাখির অঙ্গাবরণ ৫. প্রাণ-এর কাব্যরূপ ৮. নহবতে যে যন্ত্র ধ্বনিত হয় ৯. শ্রবণেন্দ্রিয় ১০. সেনাদলের সঞ্চিত খাদ্যদ্রব্য ১২. বাতাস দেওয়া ১৩. স্ত্রীলোক ১৪. সহ্য হয় ১৫. কেল্লাফতে ১৬. মজে যাওয়ার ধরণ ১৭. নানা প্রকার ১৮. চিন্তন ২০ সম্মানীয় ব্যক্তি

**সমাধান ২২২ — পাশাপাশি:** ১. তলব ৩. সুরকাঁপা ৫. দয়িতা ৬. কানা ৭. লঙ্কাকান্ড ৯. জমক ১০. পাওনা ১২. কর্মকার ১৪. কান্ত ১৫. দখল ১৭. লবেজান ১৮ তীবর

**ওপর-নিচ:** ১. তপ্ত ২. বদনাম ৩. সুতাল ৪. পাষন্ড ৬. কাজকর্ম ৮. কামনান্ত ১১. ওকালতী ১২. কজ্জল ১৩. রদন ১৬. শর

### আজকের দিন



- ১৯৪৭ — গণপরিষদ বর্তমান ত্রিবর্ণকে ভারতের জাতীয় পতাকা হিসেবে গ্রহণ করেছিল।
- ২০০৩ — সাদ্দাম হোসেনের পুত্রদের হত্যায় মার্কিন বিমান হামলা।
- ২০০৫ — লন্ডনে নিরীহ ব্রাজিলীয় নাগরিক জঁ শার্ল দ্য মেনেজেসকে পুলিশ গুলি করে হত্যা করে।

### জন্মদিন



মুকেশ

১৯২৩ *বিশিষ্ট সঙ্গীতশিল্পী মুকেশের জন্মদিন।*

১৯৭০ *বিশিষ্ট রাজনীতিবিদ দেবেন্দ্র ফড়নবিশের জন্মদিন।*

১৯৭৪ *বিশিষ্ট অভিনেতা সুজন মুখোপাধ্যায়ের জন্মদিন।*

# প্রায় দু'দশক পরে নির্বাসিতা লেখিকার এ শহরে প্রত্যাবর্তন মৌলবাদের কাছে আত্মসমর্পণের বিরুদ্ধে নির্ভীক উচ্চারণ

**শান্তনু রায়**



প্রায় দু'যুগ পরে সাহিত্যিকা তসলিমা নাসরিন কোলকাতায় আসছেন মানে আসতে পারছেন রাজ্যে নতুন সরকারের রাজধর্ম পালনের বদান্যতায়। এই মুহূর্তে এর চেয়ে ভালো খবর আর হয় না। হয়ত রাজ্যে পরিবর্তনের পর এটিই নতুন সরকারের সবচেয়ে গুরুত্বপূর্ণ ও সাহসী পদক্ষেপ যা নিঃসন্দেহে মুক্তচিন্তার পরিসরকে আরো বিস্তৃত করবে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে এ সংবাদে দু'/একটি মহল যেন কিঞ্চিৎ অস্বস্তিতে-তারা ব্যাপারটি ঠিক হজম করতে পারছে না।

সাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায় ‘তসলিমাকে বিতাড়ন করা ছিল অন্যায়’ জানিয়ে বলেছেন বাংলাদেশের পর তাঁর ভালোবাসার জায়গা হল আমাদের শহর কোলকাতা তথা পশ্চিমবঙ্গ । যদিও সেখানেও তাঁর ফেরা হয়নি দীর্ঘদিন। তসলিমা পশ্চিমবঙ্গে আসুন, আমি চাই। এখানেই যদি তাঁর একটা স্থানীয় ঠিকানা হত,তাহলে তিনি খুশি হতেন, আমরাও খুশি হতাম।

যদিও সেসময় বা গত দীর্ঘ ১৫ বছর কালে অবশ্য এ বাংলার কোন সাহিত্যিক বুদ্ধিজীবী কখনো তসলিমার নামই উল্লেখ করেননি তাঁকে ফিরিয়ে আনার দাবি করা তো দুরস্ত! সাম্প্রদায়িক ‘সম্প্রীতি’বজায় রাখার অজুহাতে প্রকাশ্যে তাঁর নাম উচ্চারণ করাও ‘অপরাধ’ ছিল- এমনকি ‘ঝামেলা’ এড়াতে অধিকাংশ বাংলা দৈনিকেও তিনি ছিলেন অচ্ছুত।

কিন্তু দুর্ভাগ্যের, ভণ্ডামি ও দ্বিচারিতার পরম্পরা বহন করে আসা এ রাজ্যের সিপি আই এম দলের অদ্ভুত প্রতিক্রিয়া দেখে যাদের জমানায় যাদের নিদানেই সাহিত্যিকাকে এক রাতের মধ্যে এই সাংস্কৃতিক নগরী ত্যাগ করতে বাধ্য করা হয়েছিল ।দলের সুপরিচিত আইনজীবী নেতা তসলিমাকে তীব্র কটাক্ষ করে বলেছেন- তসলিমা নাসরিন বিভিন্ন সময়ে বিজেপি, আর এস এস এবং উগ্র হিন্দুত্ববাদী রাজ নীতির পক্ষে অবস্থান নিয়েছেন। তিনি বিজেপি ও আর এস এসের হয়ে কাজ করেছেন। বিভিন্ন বিষয়ে তাঁর বক্তব্য দেখলে বোঝা যায় , তিনি উগ্র হিন্দুত্ববাদের পক্ষেই প্রচার করেছেন।

তাঁর আরও সংযোজন-শুধু নাম তসলিমা নাসরিন হলেই কেউ প্রকৃত অর্থে স্বাধীনচেতা হয়ে যায় না। যেদিন তিনি বিজেপির হিন্দুত্ববাদী রাজ নীতির বিরুদ্ধে সরাসরি কথা বলবেন বলবেন, সেদিনই বুঝতে পারবেন এখানে থাকা কতটা সহজ।

অনেকের হয়ত স্মরণে থাকতে পারে বিধানসভা নির্বাচনে আর জি করে ধর্ষিতা ও নিহত পড়ুয়া চিকিৎসকের মা পদ্মচিহ্নে প্রতিদ্বন্দ্বিতা করায় রুষ্ট রাজ্য সম্পাদক বিষেদ্গার করে বলেছিলেন- আর এস এস এর শেখানো বুলি আওড়াচ্ছেন অভয়ার মা’।নির্বাচনে অবশ্য পানিহাটির মানুষ এর জবাব দিয়েছেন।

আবার ওয়াকফ সংশোধনী বিরুদ্ধে আন্দোলনের নামে তাণ্ডবে শুধু ভিন্ন ধর্মের মানুষ বলে খুন হওয়া হরগোবিন্দ দাস ও তাঁর ছেলে তো ওয়াকফ আইন সংশোধনী বিরোধী সিপি আই এম এর দলীয় সদস্য হলেও সেই পরিচয়ে তাঁদের রেহাই মেলেনি ।অভিশপ্ত পরিবারের সঙ্গে দেখা করতে কোলকাতা থেকে যাওয়া দলীয় প্রতিনিধি দলের প্রাজ্ঞ মাথারাও অবশ্য সযত্নে গোপন করেছিলেন নিছক ভিন্ন ধর্মাবলম্বী হওয়া ব্যতীত আর কোন ‘অপরাধে’ দলের ওই দু'জন কর্মীর প্রাণ গেল। তবে হ্যাঁ, ভারসাম্য রাখতে ছাদের ওপর থেকে নিরাপত্তা বাহিনীর দিকে পাথর ছোঁড়ার সময় আধাসামরিক বাহিনীর গুলিতে নিহত পাথরনিক্ষেপকারীর বাড়িতেও দেখা করতে ভোলেননি সেই প্রতিনিধি দল ।হরগোবিন্দ দাসের স্ত্রী, স্বামী-পুত্রহারা পারুল দাসের ভাগ্যেও জোটেনি তামান্নার মায়ের মত দলের কোন সদর্থক বিবেচনা।

এ রাজ্য থেকে দলের কেন্দ্রীয় কমিটির এক নেতা আবার কটাক্ষে বলেছেন-উনি( তসলিমা) এদেশে নাগরিক নন । ফলে উনি কবে কোথায় কিভাবে থাকবেন সেটা কেন্দ্রীয় সরকারের বিষয়। তিনি আরও বলেছেন- তখনকার কেন্দ্রীয় সরকারের লেখিকার কোলকাতায় থাকা মনে করেনি। তাই ওকে চলে যেতে হয়েছিল ।কি অপযুক্তি ও অকাট মিথ্যাচার !উল্লেখ্য সেদিন রাতে সংবাদ মাধ্যমের সামনে বামফ্রন্টের শীর্ষনেতার তসলিমাকে এ রাজ্য থেকে চলে যাওয়ার নিদান দেওয়ার পরই তিনি বাধ্য হন এ রাজ্য থেকে চলে যেতে ।সংবাদ মাধ্যমে সে ‘বাইট’ কিংবা পরদিনের দৈনিক সংবাদপত্র থেকেও এ তথ্য মালুম হবে ।আর তখন তো কেন্দ্রে ক্ষমতাসীন ছিল তাদেরই সমর্থনে প্রথম ইউপিএ সরকার।

তাহলে কিভাবে দায় এড়ানো যায় ?

সাহিত্যিক তসলিমার ‘অপরাধ’ তিনি অকুতোভয়ে এক সাক্ষাৎকারে স্পষ্টতই বলেছিলেন, ‘পাকিস্তান ও বাংলাদেশের চেয়ে ভারতে ভাল আছেন সংখ্যালঘুরা’ ।যা এদেশের রাজনীতির কারবারীরা স্বীকার করতে চান না। বোরখা ও হিজাব পরাকে তিনি প্রগতিবিরোধী ও নারী স্বাধীনতার পরিপন্থী বলে গন্য করেন। তিনি বরাবর মুসলিম ধর্মের গোঁড়ামি উগ্রতা ও কুসংস্কারের বিরুদ্ধে যেমন সোচ্চার তেমনই বাংলাদেশে চলা সংখ্যালঘুদের উপর অত্যাচার ও হয়রানির বিরুদ্ধেও।

তসলিমা এ শহরে আসছেন আগামী ১লা আগস্ট সেকুলার মিশন সহ কয়েকটি সংস্থার আমন্ত্রণে রবীন্দ্র সদনে একটি অনুষ্ঠানে যোগ দিতে ।উদ্যোক্তাদের অন্যতম ওসমান মল্লিক যিনি আবার সদ্যগঠিত অভিন্ন দেওয়ানী বিধি প্রনয়ণ সংক্রান্ত উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটির সদস্য, তসলিমার আসার কথা জানিয়ে সমাজ মাধ্যমে একটি পোস্টার শেয়ার করেছেন যেখানে সাহিত্যিকাকে ‘মৌলবাদ বিরোধী প্রতিবাদের অগ্নিসম প্রতীক’ বলে উল্লেখ করা হয়েছে। তবে তসলিমা নিজে সমাজ মাধ্যমে একটি পোস্ট করে জানিয়েছেন , আমন্ত্রণটি উপলক্ষ; কিন্তু আমার যাওয়া সম্ভব হচ্ছে পশ্চিমবঙ্গ সরকার আমাকে নিরাপত্তা দিচ্ছে বলে। নিরাপত্তা না পেলে আমার পক্ষে কলকাতায় যাওয়া সম্ভব হতো না ।এজন্য আমি পশ্চিমবঙ্গ সরকারের প্রতি কৃতজ্ঞ ।

ওই পোস্টে তাঁর আরও দাবি ,-মুসলিম সমাজ যেদিন মুক্তচিন্তা, মতপ্রকাশের স্বাধীনতা এবং ধর্মের সমালোচনাকে সভ্য সমাজের স্বাভাবিক অধিকার হিসেবে মেনে নেবে , সেদিন ইসলামের সংস্কারক, মুক্তচিন্তক ও নাস্তিকদের নিরাপত্তা নিয়ে আর কাউকে দুশ্চিন্তা করতে হবে না।

তাঁর ঐ পোস্ট থেকে একটা জিনিস পরিষ্কার যে তাঁর নিরাপত্তা দিতে আগেকার রাজ্যসরকারগুলির অনীহার করণেই তিনি অনেক আশা করে তাঁর দ্বিতীয় বাড়ি এ প্রাণের শহরে এসেও থাকতে পারেননি এবং তারপরেও এতোদিন ইচ্ছে থাকলেও ফিরতে পারেননি।

উল্লেখ্য রবীন্দ্রসদনের ওই অনুষ্ঠানে স্বয়ং মুখ্যমন্ত্রী উপস্থিত থাকবেন বলে খবরে প্রকাশ। এ জন্যই বোধকরি রাজ্য সিপি আই এম এর এত গাত্রদাহ। আসলে এদেশের কমিউনিস্ট পার্টির গোঁড়ামি অসহিষ্ণুতা সংকীর্ণচিত্ততা ও সুবিধাবাদী মনোবৃত্তির পরিচয় বারবার পরিলক্ষিত হয়েছে-স্বাধীনতার আগে থেকেই ।এজন্যই কি তাদের সমর্থন জোটে মুসলিম মৌলবাদের । প্রসঙ্গত নয়ের দশকের গোড়ায় প্রকাশিত (১৯৯২)তসলিমার উপন্যাস ‘লজ্জা’ স্বদেশে নিষিদ্ধ হয়েছিল বিরূপ উগ্র ধর্মীয় গোষ্ঠীর দাবিতে এবং ১৯৯৪ এ ইসলামি জঙ্গীও জিহাদীদের হাত থেকে প্রাণ বাঁচাতে দেশত্যাগ করতে হয় তাঁকে। তবে সেই প্রথম নয় ।তাঁর দেশত্যাগের ঠিক দু'দশক আগে এবং দীর্ঘ রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে পাক-অধীনতা থেকে মুক্তির বছর দু'য়েকের মধ্যেই প্রায় একই অভিযোগে অভিযুক্ত সেদেশেরই বাইশ বছরের তরুন কবি দাউদ হায়দারকেও প্রাণ রক্ষার্থে এক বস্ত্রে স্বদেশভুমি ত্যাগ করে এ শহরে এসে আশ্রয় নিতে হয়, স্বয়ং বঙ্গবন্ধু দেশের কাণ্ডারী হয়েও সেদেশে কবির জীবন সুনিশ্চিত করতে অপারগ হওয়ায়। তাঁকেও একদিন এ রাজ্যও ত্যাগ করে উড়ে যেতে হয় বার্লিনে এবং বার বার চেষ্টা করেও স্বদেশে ফিরতে ব্যর্থ কবির স্থায়ী আবাসভুমি হয়ে ওঠে জার্মানিই । আবার উপন্যাসে মৌলবাদীদের সমালোচনা করার অনুরূপ অভিযোগে ২০০৪ সালে,তসলিমা-নির্বাসনের ঠিক এক দশক পরে, একুশে বইমেলায় গ্রন্থাকারে উপন্যাসটি প্রকাশিত হলে ক্ষিপ্ত মৌলবাদীদের হামলার শিকার হন সাহিত্যিক হুমায়ূন আজাদও-পরিণামে মৃত্যু।

পড়শি দেশের বারংবার এবিধ ঘটনার প্রেক্ষিতে প্রশ্ন জাগতে পারে স্বাভাবিকভাবেই - দেশের গর্ব এক তরুণ কবি কিংবা বিশিষ্ট সাহিত্যিকের সৃজনের কোন বক্তব্যে আপত্তির কারণে অপছন্দের কিছু শব্দবন্ধ বা কয়েকটি পঙক্তি কিংবা শব্দ চয়নে আপত্তিতে কেন নিদান হয় নিগ্রহ নির্বাসনের মতো কঠোর শাস্তি?কেন এতো অসহিষ্ণুতা-নিষ্ঠুরতা ? যে প্রশ্নটিই আবার উঠে এল সাহিত্যিকার সাম্প্রতিক পোস্টের সূত্রে।

ভার্জিনিয়া উলফ, সিমন দ্য বেভোয়া এবং বেগম রোকেয়া অনুপ্রানিত হয়ে যার লেখনী ধর্মীয় গোঁড়ামি ও কুসংস্কারের বিরুদ্ধে নারীর স্বাধীনতার ও মানবাধিকারের কথা বারবার বলেছে তাঁর স্থান হলো না এই বঙ্গীয় সাংস্কৃতিক পরিসরে এ বড় পরিতাপের ও লজ্জার । তাঁর সাহস স্পষ্টবাদী চরিত্রকেই প্রতিভাত করেছে যা আমাদের গর্ব ।কোদালকে তিনি কোদাল বলেছেন সাহস করে । এজন্য নিজ দেশে উগ্র মৌলবাদীদের কোঁপে পড়ে দেশ থেকে বিতাড়িত হয়ে তাঁকে একদশক কাটাতে হয় ইউরোপের বিভিন্ন দেশে তারপর এ রাজ্যে আশ্রয় নিয়েছিলেন বড় আশা করে। ছিলেন এ কলকাতায় ২০০৪ থেকে ২০০৭। তারপরের ঘটনা সবারই হয়ত জানা-তাঁর সঙ্গে কি ব্যবহার করা হয়েছিল সংস্কৃতিপ্রেমী কলকাতায় তথা এরাজ্যে , ‘তার্কিক’ ভারতবর্ষেও। বামপন্থী নারী সঙ্ঘঠনগুলিও নিশ্চুপ তখন ।তবে তাঁর মননশীলতা স্বীকৃতি ও সমর্থন পেয়েছিল অন্নদাশংকর রায়, শিবনারায়ন রায় এবং অম্লান দত্ত প্রমুখ গুটিকয় বিশিষ্টদের সেই প্রতিকুল সময়েও ।

অন্যান্যরা যারা এখন তাঁর আসাকে সমর্থন করে বাইট দিচ্ছেন তাঁরাও কিন্তু নীরব ছিলেন বাম জমানায় -গত পনেরো বছরেও।

এক বছরের মত বিদেশে কাটিয়ে আবার ২০০৮ ভারতে ফিরে আসা এবং থাকা নবীকরণযোগ্য বসবাসের ভিসার ভিত্তিতে। বর্তমানে তিনি দিল্লীর অদূরে কোন এক গোপন স্থানে কঠোর নিরাপত্তা বলয়ের মধ্যে বাস করছেন অন্তরীন হিসাবে। একাধিক আন্তর্জাতিক পুরস্কারে সম্মানিত, বিশ্বের একাধিক ভাষায় অনুদিত গ্রন্থের এই লেখিকা কিন্তু তাঁর দ্বিতীয় স্বদেশ এ বাংলায়, প্রিয় শহর এ কলকাতায় ফিরে এসে বসবাসের ইচ্ছা একাধিকবার ব্যক্ত করেছেন। কিন্তু এযাবৎ তিনি ব্রাত্য ছিলেন এ রাজ্যের প্রশাসনিক এবং বৌদ্ধিক মহলের একাংশের কাছে।বর্তমান রাজ্য সরকারের সৌজন্যে ও সাহসী পদক্ষেপের দৌলতে তিনি আবার তাঁর দ্বিতীয় বাড়িতে আসা মনস্থ করেছেন।

কিন্তু তাঁর নির্ভীক মতপ্রকাশের কারনে এদেশেরও কিছু ধর্মান্ধ গোষ্ঠীকে সন্তুষ্ট করতে ঘোষিত নাস্তিক লেখিকা তসলিমাকে এ রাজ্য থেকে বিতাড়ন, সেই ধর্মান্ধ গোষ্ঠী দ্বারা কোলকাতা বইমেলার পর হায়দ্রাবাদেও তাঁর বই প্রকাশের অনুষ্ঠান ভণ্ডুল করা ছাড়াও তাঁর মাথার মূল্য ধার্য করার পর্বে রাজনীতির স্বার্থে রাজনৈতিক দল তো বটেই দেশের বৌদ্ধিক মহলের নীরবতাও ছিল বেদনাদায়ক।

দুর্ভাগ্য, এদেশে সাম্প্রদায়িক শক্তির কাছে সুশীল সমাজ ও প্রশাসনের ভীত আত্মসমর্পনের দৃষ্টান্ত সাহিত্যিক সলমন রুশদিকে সাহিত্যসম্মেলনে যোগদান করতে না দেওয়া এবং লেখিকা তসলিমা নাসরিনের বই নিষিদ্ধ করে এ রাজ্য থেকে বিতাড়ন। আরও দুর্ভাগ্য এবং লজ্জারও যে এ রাজ্যে তাঁর ‘দ্বিখণ্ডিত’ যখন নিষিদ্ধ হয় এবং যখন তাঁকে এ রাজ্য থেকে বিতাড়িত হতে হয় তখন শাসন ক্ষমতায় ছিল সিপি আই এম নেতৃত্বাধীন ‘প্রগতিশীল’ বাম (?) সরকার । যদিও এই বামপন্থীদের নাকি ধর্মে বিশ্বাস নেই- তাঁরা মনে করেন ধর্ম আফিমের মত বিষবৎ পরিত্যাজ্য তবু তাঁদেরও প্রগতিশীল (?)চিন্তাধারাও এই নিদান দিতে বাধ্য করল যে তিনি নাকি বিশেষ ধর্মীয় আবেগে আঘাত করেছেন ।বিস্ময়ের আরও যে তৎকালীন মুখ্যমন্ত্রী পরে এক সাফাই দিয়েছেন যে ঐ বই নিষিদ্ধ করার ইচ্ছা নাকি তাঁর ছিল না কিন্তু আইনশৃঙ্খলার কারনে তাঁকে ঐ সিদ্ধান্ত নিতে হয়। অদ্ভুত অপূর্ব যুক্তি এক বামপন্থী রাজ্য সরকারের প্রগতিশীল সংস্কৃতিবান প্রধানের মুখে। যদিও তাঁর আমলেই কৃষিজমি রক্ষার আন্দোলনে জমায়েত কৃষকদের উপর গুলিচালনার মত ঘটনা হয়েছিল। মনে রাখতে হবে ২০০৭ এর নভেম্বরে বাম জমানায় মৌলবাদের কাছে আত্মসমর্পণ করে এই সাহিত্যিকার এ রাজ্য থেকে অন্যায়ভাবে বিতাড়নের পর রাজ্যে নয় নয় করে চার চারটি লোকসভার ও সাম্প্রতিক নির্বাচন নিয়ে চারবার বিধানসভার নির্বাচন হয়েছে। কিন্তু কোন নির্বাচনেই তাঁকে রাজ্যে ফেরানোটি ইস্যু করেনি কোন রাজনৈতিকই দল-হয়তো প্রয়োজনই মনে করেনি বা ভোটবাক্সের দিকে লক্ষ্যে এক ধরণের মৌলবাদ ও অসহিষ্ণুতাকে পরোক্ষে জল হাওয়া দিতে।

২০১১ য় ক্ষমতায় আসা ‘পরিবর্তনের’ রাজ্যসরকারও আগের জমানার অনেককিছু বদল ঘটালেও ‘দুধেল গাইদের’তুষ্ট রাখতে তসলিমাকে ব্রাত্য করেই রেখেছিলেন ।তাকে ফিরিয়ে আনার উদ্যোগ তো কখনো করেননি উলটে বরং সে জামানায় শাসকদলের ভোটব্যাঙ্ক অটুট রাখতে তাঁদেরই প্ররোচনায় তাঁর রচনা অবলম্বনে টেলিভিশনে সিরিয়াল প্রদর্শন ঘোষণা করেও পিছিয়ে আসতে হয় মৌলবাদীদের শাসানির দাপটে। তখন প্রশাসন নিস্ক্রিয়, কলাকুশলী শিল্পীদের সংগঠনও নির্বিকার ।

তবে ২০২৫ এর মার্চে রাজ্যসভায় জিরো আওয়ার এ নির্বাসিতা তসলিমাকে কোলকাতায় ফেরার অনুমতি দেওয়ার দাবি জানিয়ে রাজ্য সভার সদস্য শমীক ভট্টাচার্য প্রশ্ন তুলেছিলেন-একজন বাঙালি লেখিকা কেন বছরের পর বছর বাংলা থেকে দূরে থাকতে বাধ্য হবেন ।তখন কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে জানানো হয়, তসলিমা নাসরিনকে কোন ভিসা সংক্রান্ত বা অন্য কোন বিধিনিষেধ নেই। তিনি ভারতের যে কোন স্থানে এমনকি কোলকাতায় স্বাধীনভাবে থাকতে পারবেন।

গড্ডালিকা প্রবাহে ভাসমান বঙ্গবাসীর অনেকেরই হয়ত স্মরনে আছে প্রায় আঠারো বছর আগে যে রাত্রে তসলিমাকে কলকাতা ছেড়ে চলেযেতে বাধ্য করা হয় সেদিন কলকাতার এক বিস্তীর্ন অঞ্চল দিনভর অবরুদ্ধ করে দাপিয়ে বেড়িয়েছিল এক হিংস্র মৌলবাদী শক্তি ।প্রশাসন ছিল নির্বিকার ।সেই রাতে বৈদ্যুতিন মাধ্যমের সামনে এ রাজ্যের তখনকার শাসক দলের এক শীর্ষ নেতার তসলিমাকে কলকাতা থেকে চলে যাওয়ার ফরমান দেওয়ার কথাও বিস্মৃত হয়নি সব মন থেকে ।লেখিকার পাশে ছিল না তখন এ বঙ্গের তার্কিক সুশীল সমাজ ? অথচ বছর কয় আগে ফেসবুকে এরাজ্যের এক তরুন কবির ত্রিশূলে কণ্ডোম পরানো একটি কবিতা প্রকাশের প্রেক্ষিতে বিতর্ক ও প্রতিবাদ উঠলে খোদ প্রশাসনের শীর্ষস্তর ও ‘অনুপ্রাণিত’ জনেরা এবং বঙ্গসংস্কৃতির স্বনিযুক্ত অভিভাবকবন্দ ঐ কবির সমর্থনে প্রতিবাদে মুখর হয়েছিলেন ‘বাকস্বাধীনতা’, ‘সৃষ্টির স্বাধীনতা’ ‘গনতন্ত্র’ ‘ধর্মনিরপেক্ষতা’ ইত্যাদি রব তুলে। তাঁর জন্য সর্বক্ষনের দেহরক্ষী ও পুলিশি পাহারার বন্দোবস্ত হয়েছে। তবে অন্যক্ষেত্রে তুলনামূলক নিরীহ বক্তব্যও ভাবাবেগে আঘাত বলে গন্য হয় কেন বা সেই সাহিত্যিককে বিতাড়িত হতে হয় কেন ?

এদেশের পণ্ডিতজনেরা যাঁরা প্রায়শ ‘অসহিষ্ণুতার বিরুদ্ধে ও বাকস্বাধীনতা এবং গনতন্ত্রের কথা বলেন তাঁরা কিন্তু তসলিমা নাসরিনকে বিতাড়ন ও এ রাজ্যে ব্রাত্য করে রাখার বিরুদ্ধে টু শব্দটি করেননি -করেননা। একজনের ক্ষেত্রে নিরাপত্তার প্রশাসনিক ব্যবস্থা করা হবে, আরেকজনের ক্ষেত্রে কণ্ঠরোধ, বিতাড়ন এবং নির্বাসন! এ কেমন মত প্রকাশের অধিকার? এক অদ্ভুত দ্বিচারিতা । যখন কবি সাহিত্যিক শিল্পীর বা নাট্যকারের তাঁদের সৃষ্টির মাধ্যমে চিন্তার বা প্রশ্ন করার স্বাধীনতার দাবি করা হয় তখন কি বিবেকের কাছেএ প্রশ্ন নাড়া দেয় না যে লেখার জন্যই নিজদেশ থেকে বহিষ্কৃত হয়েও নির্ভীকভাবে লেখনীর তরবারিতেই বিশ্বাসী একজন সাহিত্যিকের এ রাজ্যে একই স্বাধীনতা থাকা উচিত। ।

হয়ত রাজনৈতিক দলকে ভোটবাক্সের প্রতি দায়বদ্ধতা হেতু তুষ্টিকরনে এ রকম অনেক কিছু করতে হয়। কিন্তু বিস্ময় ও পরিতাপ জাগে এর বাইরে যে সুশীল সমাজ বা বিদ্বজনদের আচরণে - তাঁরা ? এসব কথা বললে ,বিশেষ শিবিরের সমর্থক বলে দেগে দেওয়ার প্রবনতা লক্ষ্য করা যায়। জানিনা কোন অজানা ভয়ে না চাপা অসহিষ্ণুতায়। তবু মুক্তচিন্তার ভাবনাই বারংবার স্মরন করায় যে সংস্কৃতিমনষ্ক বাঙালীর এরাজ্য থেকে কোন সাহিত্যিকের বিদায়ের এবং এখনও নির্বাসিত করে রাখা এ বাংলার পক্ষে সত্যেই অগৌরবের এবং দূর্ভাগ্যের । বিধানসভার সাম্প্রতিক নির্বাচনে পূর্বতন অন্য শাসকদল শোচনীয়ভাবে পরাজিত ও ক্ষমতাচ্যুত হয়ে ইতিমধ্যে ভেঙ্গে ছত্রখান ।এই আবহে নতুন সরকারের সৌজন্যে প্রায় দু'দশক বাদে হলেও তসলিমার পক্ষে তাঁর দ্বিতীয় বাড়ি কোলকাতায় আসা সম্ভব হতে চলেছে ,তাঁর প্রতি পূর্বতন আমলে কৃত অতীত অবিচার ও অনীহা অতিক্রম করে সশরীরী উপস্থিতিকে স্মরণীয় করে রাখতে অধীর আগ্রহ আনন্দ ও উত্তেজনা নিয়ে স্বাগত জানানোর প্রতীক্ষায় সংস্কৃতির পীঠস্থান এ মহানগরী ।হয়ত এভাবেও হয়তো ফিরে পাওয়া যায়।

### কোট-আনকোট



**ক্ষমা করুন, আপনাদের আর প্রয়োজন নেই, ধনে-মানে-প্রাণে ভাল থাকুন।**

*মমতা বন্দ্যোপাধ্যায়, শহিদ দিবস মঞ্চ থেকে বিদ্রোহীদের*

### লেখা পাঠান

**সময়োপযোগী উত্তর সম্পাদকীয় লেখা পাঠান। যে কোনও বিষয়ে আপনার মতামত বা অভিযোগ জানিয়ে পাঠান চিঠিপত্র। অবশ্যই Unicode-এ টাইপ করে পাঠাতে হবে।**

email : dailyekdin1@gmail.com

# ইউক্রেনের কাছে পণ্যবাহী জাহাজে ক্ষেপণাস্ত্র হামলায় ৪ ভারতীয়ের মৃত্যু

## রুশ রাষ্ট্রদূতকে তলব বিদেশ মন্ত্রকের



**নয়াদিল্লি, ২১ জুলাই:** হরমুজের পর এবার ইউক্রেনের উপকূলে বাণিজ্যিক জাহাজে রুশ হামলায় মৃত্যু হয়েছে ৪ জন ভারতীয়ের। গুরুতর আহত হয়েছেন আরও এক ভারতীয় নাবিক। এই ঘটনার কড়া নিন্দা করার পাশাপাশি এবার পদক্ষেপ করল ভারত সরকার। ৪ ভারতীয় মৃত্যুর ঘটনায় তলব করা হল রাশিয়ার রাষ্ট্রদূতকে। কেন বাণিজ্যিক জাহাজে ন্যক্কারজনক হামলা চালানো হল সে বিষয়ে জবাবদিহি করা হবে।

এই হামলার খবর সামনে আসার পরই কড়া বার্তা দেওয়া হয় ভারতের তরফে। সোমবার বিদেশ মন্ত্রকের তরফে একটি বিবৃতিতে বলা হয়েছে, 'ভারত এই হামলার নিন্দা জানায়। বাণিজ্যিক জাহাজকে নিশানা করা ও নিরীহ নাবিকদের হত্যা করা অত্যন্ত নিন্দনীয়। নৌ-চলাচল ও বাণিজ্যের স্বাধীনতায় বাধা সৃষ্টি করা থেকে বিরত থাকা উচিত। ইউক্রেনের ভারতীয় দূতাবাস গোটা পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। ক্ষতিগ্রস্তদের সহায়তার জন্য সর্বাত্মক প্রচেষ্টা চলছে।'

বিদেশ মন্ত্রকের তরফে জানা যাচ্ছে, গত ১৯ জুলাই ইউক্রেনের ওডেসা বন্দর থেকে বেরিয়ে আসার সময় হামলার মুখে পড়ে 'গোল্ডেন লিও' ভুট্টাবাহী জাহাজটি। গিনি-বিসাউয়ের পতাকাবাহী এই জাহাজে মোট ১৭ জন নাবিক ছিলেন। বন্দর ছেড়ে কিছুদূর যাওয়ার পর পরপর ৩টি ক্ষেপণাস্ত্র আছড়ে পড়ে জাহাজে। সঙ্গে সঙ্গে বাণিজ্যতরীটিতে আগুন লেগে যায়। কালো ধোঁয়ায় ঢাকে আকাশ। কিয়েভের তরফ থেকে জানানো হয়েছে, হামলায় মৃত্যু হয়েছে ৯ জন জাহাজকর্মী এবং ১ জন পাইলটের। তাঁদের মধ্যে ৪ জন ভারতীয়। গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন আরও এক। ইউক্রেনের দাবি, এই হামলার নেপথ্যে রয়েছে রাশিয়া।

সরকারি সূত্রে জানা যাচ্ছে, ইউক্রেনে জাহাজে হামলা ও ৪ ভারতীয় নাবিকের মৃত্যুর ঘটনায় এবার রাশিয়ার রাষ্ট্রদূতকে তলব করা হয়েছে। দেশের নাগরিকদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশের পাশাপাশি কেন এই হামলা চালানো হল তার ব্যাখ্যা চাওয়া হবে রাশিয়ার রাষ্ট্রদূতের কাছে। ভবিষ্যতে এ ধরনের ঘটনা যাতে না ঘটে রাশিয়াকে তা নিশ্চিত করতে হবে। তবে এই হামলার ঘটনায় কৃষ্ণসাগরে বাণিজ্যিক জাহাজ চলাচলের নিরাপত্তা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে।

# সোনমকে হাসপাতাল বদলের অনুমতি দিল দিল্লি হাইকোর্ট



**নয়াদিল্লি, ২১ জুলাই:** সোনম ওয়াংচুককে অবশেষে হাসপাতাল বদলের অনুমতি দিল দিল্লি হাইকোর্ট। আর তা নিয়ে কোনও আপত্তি জানাল না কেন্দ্রও। টানা ২৪ দিন অনশনের জেরে অসুস্থ সোনম তাঁর পছন্দের হাসতালেই চিকিৎসা করাতে পারবেন। মঙ্গলবার আদালত জানিয়ে দিয়েছে, মেদান্ত হাসপাতালে চিকিৎসকদের একটি বিশেষ বোর্ড গঠন করে ওয়াংচুকের চিকিৎসা করাতে হবে।

এই প্রসঙ্গে আদালত জানিয়েছে, 'সোনমকে মেদান্ত হাসপাতালে স্থানান্তর করা হোক। সেখানে তাঁর চিকিৎসা হবে। সফদরজং হাসপাতালে এত দিন যে চিকিৎসা হয়েছে, তার সমস্ত নথি, রিপোর্ট এবং চিকিৎসা-সংক্রান্ত তথ্য মেদান্ত হাসপাতালে পাঠাতে হবে।' একই সঙ্গে মেদান্ত হাসপাতালকে ওয়াংচুকের চিকিৎসার জন্য বিশেষজ্ঞ চিকিৎসকদের একটি প্যানেল গঠনের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। এ বিষয়ে বিস্তারিত নির্দেশ পরে জারি করবে আদালত।

উল্লেখ্য, ওয়াংচুকের স্ত্রী গীতাঞ্জলি জে অ্যাংমো আদালতে আবেদন করেন, যন্তর মন্তরে দীর্ঘ অনশনের ফলে তাঁর স্বামীর শারীরিক অবস্থার অবনতি হয়েছে। সেই কারণেই সফদরজং হাসপাতালের বদলে তাঁরা মেদান্ত হাসপাতালে সোনমকে স্থানান্তর করতে চান।

কেন্দ্রের হয়ে সওয়াল করতে গিয়ে সলিসিটর জেনারেল তুষার মেহতা আদালতকে জানান, সোনমকে মেদান্ত হাসপাতালে নিয়ে যাওয়া হলে সরকারের কোনও আপত্তি নেই। তবে চিকিৎসকদের পরামর্শ অমান্য করে তাঁকে যেন হাসপাতাল থেকে ছাড়া না-হয়, সে বিষয়টি নিশ্চিত করতে হবে। মেহতার দাবি, সোনমের আশপাশের কয়েক জন তাঁকে হাসপাতাল থেকে বার করে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। সোনম যদি ফের আন্দোলনস্থলে ফিরে যান, তা হলে তাঁর শারীরিক অবস্থার আরও অবনতি হতে পারে বলে কেন্দ্রের আশঙ্কা। সফদরজং হাসপাতাল থেকে সোনমকে অন্যত্র সরিয়ে নেওয়ার আবেদন জানিয়ে রবিবার দিল্লি হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন গীতাঞ্জলি। জরুরি ভিত্তিতে সেই শুনানি হয়। সোনমের স্ত্রী জানান, হাসপাতাল কর্তৃপক্ষ তথ্য গোপন করছেন। তাই তাঁদের উপর আর তাঁর ভরসা নেই। তবে সে দিন ওই হাসপাতাল থেকে সোনমকে স্থানান্তরের কোনও নির্দেশ দেয়নি আদালত। নির্দেশ দিল মঙ্গলবার।



*ইম্ফল পূর্ব জেলায় অবস্থিত অসম রাইফেলস (সাউথ)-এর মন্ত্রীপুখরি গ্যারিসনে নিষিদ্ধ ঘোষিত 'কাংলেইপাক কমিউনিস্ট পার্টি (পিপলস ওয়ার গ্রুপ)'-এর ৪৬ জন সক্রিয় সদস্য রাজ্যের মুখ্যমন্ত্রী ওয়াই. খেমচাঁদ সিং-এর কাছে আত্মসমর্পণ করেন।*

## দিল্লিমুখী হাজার হাজার কৃষক

**নয়াদিল্লি, ২১ জুলাই:** ককরোচ জনতা পার্টির বিক্ষোভকে কেন্দ্র করে উত্তাল রাজধানী দিল্লি। এরইমাঝে ২০২৪-এর স্মৃতি ফিরিয়ে এবার দিল্লিমুখী হাজারো কৃষক। পঞ্জাব ও হরিয়ানা থেকে দিল্লির উদ্দেশে রওনা দেওয়া এই কৃষকদের আটকাতে কোমর বেঁধে নেমেছে হরিয়ানা সরকার। কোনওভাবে যাতে তাঁরা রাজধানীতে পৌঁছতে না পারেন তার জন্য অতীতের ছকে সিল করে দেওয়া হয়েছে শম্ভু বর্ডার। কংক্রিটের ব্লক, লোহার পেরেক ও বহুস্তরের ব্যারিকেড দিয়ে আন্তঃরাজ্য সীমান্তকে কার্যত দুর্গে পরিণত করা হয়েছে। জানা যাচ্ছে, আমেরিকার সঙ্গে বাণিজ্য চুক্তির প্রতিবাদে এই আন্দোলন কৃষকদের।

# হড়পা বানে বিপর্যস্ত আফগানিস্তান

## মৃত কমপক্ষে ২০, নিখোঁজ শতাধিক



**কাবুল, ২১ জুলাই:** প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত আফগানিস্তান। প্রাকৃতিক দুর্যোগে ভূমিধস ও হড়পা বানে সেখানে মৃত্যু হয়েছে অন্তত ২০ জনের, আহত হয়েছেন আরও ৮০ জন। হড়পা বানে নিখোঁজ হয়েছেন ১০০ জনের বেশি মানুষ। সোমবার এই তথ্য প্রকাশ্যে এনেছে আফগানিস্তানের তালিবান সরকার। দুর্ঘটনাগ্রস্ত এলাকা থেকে সাধারণ মানুষকে সরিয়ে নিয়ে যাওয়ার পাশাপাশি জোরকদমে শুরু হয়েছে উদ্ধারকাজ।

আফগানিস্তানের ভয়াবহ পরিস্থিতির একাধিক ভিডিও ভাইরাল হয়েছে সোশ্যাল মিডিয়ায়। যেখানে দেখা যাচ্ছে বিধ্বংসী বন্যা ভাসিয়ে নিয়ে যাচ্ছে ঘরবাড়ি। কাদামাটির ভয়াল স্রোত। পাশাপাশি জানা যাচ্ছে, আফগানিস্তানের ৩৪টি প্রদেশের মধ্যে ১০টিতেই বজ্র বিদ্যুৎ-সহ ভারী বৃষ্টির পূর্বাভাস জারি করা হয়েছে। জনগণকে নদীর তীর এবং বন্যাপ্রবণ এলাকা থেকে দূরে থাকার নির্দেশ দিয়েছে সরকার।

আফগানিস্তানের বিপর্যয় মোকাবিলা দপ্তরের (এএনডিএমএ) মুখপাত্র ইউসুফ হাম্মাদ জানান, বন্যার জেরে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে দেশের পূর্বাঞ্চলীয় প্রদেশ নুরিস্তান। বন্যার জেরে সেখানকার পারুন-সহ বেশ কয়েকটি এলাকায় ব্যাপক ক্ষয়ক্ষতি চলেছে। প্রাণহানির পাশাপাশি প্রচুর সম্পত্তির ক্ষয়ক্ষতি হয়েছে। শত শত মানুষের ঘরবাড়ি, কৃষিজমি তলিয়ে গিয়েছে। এখনও পর্যন্ত ২০ জনের মৃত্যুর খবর এসেছে। আহত হয়েছেন আরও ৮০ জন। পাশাপাশি অন্তত ১০০ জন মানুষ নিখোঁজ। তাঁদের সন্ধানের পাশাপাশি জোরকদমে শুরু হয়েছে উদ্ধারকাজ।

BOI

**বর্ধমান জোনাল অফিস**

৪৪৬/এন আর্মস্ট্রং এভিনিউ, বিধাননগর সেক্টর - ২এ, দুর্গাপুর, জেলা - বর্ধমান পিন - ৭১৩২১২, ফোন নং - ৭৪৭৯০০৭৩৫৬

**সংশোধনী**

সম্পত্তি নিলাম অধীনে আমাদের বিজ্ঞাপন ২০.০৭.২০২৬ সংস্করণে এই সংবাদপত্রে প্রকাশিত (**ক্রম নং ৭) শাখার নাম : পড়তে হবে আপকার গার্ডেন-পুরুলিয়ার পরিবর্তে**। পূর্বের বিজ্ঞাপনের অন্যান্য সকল নিয়ম এবং শর্তাদি অপরিবর্তিত থাকবে। অসুবিধার কারণে দুঃখিত।

**আরসিকে ইমপেক্স প্রাইভেট লিমিটেড**
**আরও : ১১০৮, ১২তম তল, ওম টাওয়ারস, ৩২, চৌরঙ্গি রোড কলকাতা - ৭০০০৭১ (পব)**
**ইমেল - info@rckimpex.com/**
**সিন নং U51495WB1990PTC048589**

**ফর্ম নং আইএনসি - ২৬**
*(২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ সংস্থান অধীনে)*
কোম্পানির রেজিস্টার্ড অফিস এক রাজ্য থেকে অন্য রাজ্যে স্থানান্তর নিমিত্ত সংবাদপত্রে বিজ্ঞাপন
**কেন্দ্রীয় সরকার**
**(রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন) সমীপে**
২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ১৩(৪) এবং ২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০(৫)(এ) বিষয় সম্পর্কিত
এবং
**মেসার্স আরসিকে ইমপেক্স প্রাইভেট লিমিটেড**
রেজিস্টার্ড অফিস : ১১০৮, ১২তম তল, ওম টাওয়ারস, ৩২, চৌরঙ্গি রোড কলকাতা - ৭০০০৭১ সম্পর্কিত
... আবেদনকারী কোম্পানি/দরখাস্তকারী
এতদ্বারা সাধারণের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে, কোম্পানির রবিবার ২৮ জুন ২০২৬ তারিখে অতিরিক্ত সাধারণ সভায় গৃহীত বিশেষ প্রস্তাব অনুযায়ী কোম্পানির রেজিস্টার্ড অফিস "**পশ্চিমবঙ্গ রাজ্য**" থেকে "**মহারাষ্ট্র রাজ্যে (পুনে)**" স্থানান্তরের বিষয়টি কোম্পানির মেমোরান্ডাম অব অ্যাসোসিয়েশনের পরিবর্তনক্রমে নিশ্চিত করার উদ্দেশ্যে ২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ১৩(৪) অধীনে কেন্দ্রীয় সরকার এর নিকট কোম্পানি এক আবেদন দাখিলের প্রস্তাব করছে।
কোনও ব্যক্তির কোম্পানির রেজিস্টার্ড অফিস প্রস্তাবিত স্থানান্তরের ফলে স্বার্থ ক্ষুণ্ণ হওয়ার আশঙ্কা থাকলে এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in) বা বিনিয়োগকারীগণের ফর্মপূরণ সাপেক্ষে বা হাতেহাতে বা রেজিস্টার্ড ডাকে স্বার্থের ধরন এবং আপত্তির কারণ হলফনামা দ্বারা সমর্থিত মতে রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন, কর্পোরেট ভবন, ৭ম তল, প্লট নং ৩এফ/১৬, এএ-৩এফ, রাজারহাট, নিউটাউন, আকন্দকেশরী, কলকাতা, (পব) - ৭০০১৩৫ ঠিকানায় বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ দিনের মধ্যে এবং একটি কপি কোম্পানির উপরে উল্লিখিত রেজিস্টার্ড অফিসের ঠিকানায় পাঠাতে হবে।
**আরসিকে ইমপেক্স প্রাইভেট লিমিটেড এর পক্ষে**
**স্বা/-**
**নির্মল কুমার রাইচাঁদ কোঠারি**
তারিখ : ২২.০৭.২০২৬ **(ডিরেক্টর)**
স্থান : কলকাতা **(ডিন : ০০৬৪৩৯৯৭)**

**চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস**


**ই-টেন্ডার বিজ্ঞপ্তি**

**টেন্ডার নোটিস নং ঃ পিসিএমএম/সিএলডব্লু/এইচডব্লুএইচ/ই-প্রোকিওরমেন্ট/২৬/২৯, তারিখঃ ১৫/০৭/২০২৬।** পিসিএমএম/সিএলডব্লু/এইচডব্লুএইচ কর্তৃক ভারতের রাষ্ট্রপতির পক্ষে নিম্নলিখিতগুলি সরবরাহের জন্য প্রতিষ্ঠিত নির্ভরযোগ্য নির্মাতাদের পক্ষ থেকে বৈদ্যুতিন মাধ্যমে দরপ্রস্তাব আহ্বান করা হচ্ছে। ইলেকট্রিক লোকোমোটিভ নির্মাণের সামগ্রী সরবরাহের জন্যই নিম্নলিখিত ই-টেন্ডার/গুলি ডাকা হচ্ছে। প্রত্যাশিত/সম্ভাব্য সরবরাহকারীদের **www.ireps.gov.in** ওয়েবসাইটে নজর রাখতে অনুরোধ করা হচ্ছে। এগুলি ই-টেন্ডার তাই কেবলমাত্র বৈদ্যুতিন মাধ্যমে দরপ্রস্তাবগুলি গৃহীত হবে। **ক্র. নং.; টেন্ডার নং.; স্টোরস-এর বিবরণ; পরিমাণ; খোলার তারিখ; টেন্ডার মূল্য** নিম্নরূপ ঃ **[১১৩]; ৩১২৬৫০০৮এ;** ডক ট্যাব-এ সংশ্লিষ্ট সরবরাহের সুযোগ অনুসারে প্যানেলসমূহ এবং হারনেস কেবেল-এর আরডিএসও অনুযায়ী উন্নয়নের প্রয়োগের জন্য কিট-এ থাকা দফাগুলির সেট; টেন্ডার/নথি অনুসারে; ০৫/০৮/২০২৬; ₹ ০.০০। **[১১৪]; ১৪২৬২৬৩৬;** ড্রয়িং/স্পেসি. নং সিএলডব্লু/ইএস/৩/০১৪৮/এ অনুসারে অয়েল পাম্প ব্র্যাকেট আটকানোর কাজ; টেন্ডার/নথি অনুসারে; ০৫/০৮/২০২৬; ₹ ০.০০। **[১১৫]; ১৪২৬২৯৯৩;** ড্রয়িং/স্পেসিফিকেশন নং সিএলডব্লু/ইএস/৩/০১১৮/এম (সেট বিশদ সংশ্লিষ্ট রয়েছে) অনুসারে সিএলডব্লু/সিআরজে এবং ডানকুনির জন্য ডব্লুএজি-৯এইচসি (০৪টি দফা সমৃদ্ধ)-র অন্যান্য অংশের জন্য বাস বার-এর সেট; টেন্ডার/নথি অনুসারে; ১৩/০৮/২০২৬; ₹ ০.০০। **[১১৬]; ২৩২৬৫০৩৭এ;** ৩ কোর ১৮৫ বর্গ মিমি এক্সএলপিই অন্তরিত এবং পিভিসি আবৃত স্ট্র্যান্ডেড, স্ক্রিনড স্টিল স্ট্রিপ আর্মার্ড অ্যালুমিনিয়াম কন্ডাক্টর কেবেল, ১১ কেভির জন্য রেটেড। (আইএস ঃ ৭০৯৮-২ অনুসারে), নির্মাতা-পলিক্যাব/হ্যাভেল'স/ফিনোলেক্স/ আরআর কেবেল/কেইআই বা সমতুল। [কোয়ান্টিটি টলারেন্স ((+/-)ঃ ৫%, দফা বিভাগ ঃ সাধারণ, মোট অনুমোদিত পিও ভ্যালু ভেরিয়েশন ঃ সর্বোচ্চ ৮ লাখ] টেন্ডার/নথি অনুসারে; ২০/০৮/২০২৬; ₹ ০.০০।

PR6/430 **পিসিএমএম/সিএলডব্লু/হাওড়া**

আমাদের লাইক করুন : www.facebook.com/clwrailways

# দিল্লির বহুতলে অগ্নিকাণ্ডে ঝলসে মৃত মা ও দুই কন্যা



**উদ্ধারের আর্জি জানিয়ে দমকলে ফোন**

**নয়াদিল্লি, ২১ জুলাই:** দিল্লির এক বহুতলে অগ্নিকাণ্ডের ঘটনায় মা এবং দুই কন্যার মৃত্যু হল। মৃত্যুর আগে দমকলকে ফোন করে উদ্ধারের আর্জি জানিয়েছিলেন তাঁরা। কিন্তু দমকল পৌঁছোনোর আগে তিন জনের মৃত্যু হয়। মঙ্গলবার সকালে ঘটনাটি ঘটেছে লোধি কলোনির এক বহুতলে। দমকল যখন পৌঁছোয়, তখন তারা দেখতে পায়, বাড়িটির বেশির ভাগই আগুনের গ্রাসে চলে গিয়েছিল। তিনটি ইঞ্জিন আগুন নেভানোর কাজ শুরু করে। আগুন নিয়ন্ত্রণে আসার পর দমকলকর্মীরা দরজা ভেঙে ভিতরে ঢোকেন। একটি ঘরের ভিতর থেকে তিন জনের অগ্নিদগ্ধ দেহ উদ্ধার হয়। প্রাথমিক ভাবে দমকল জানিয়েছে, আগুন এত দ্রুত ছড়িয়ে পড়েছিল যে, ঘর থেকে বার হওয়ার সুযোগ পাননি তিন জন। ফলে অগ্নিদগ্ধ হয়ে মৃত্যু হয়েছে। দমকল সূত্রে খবর, সকাল ১০টা ২১ মিনিটে তাদের কাছে ফোন আসে। এক মহিলা কাঁপা কাঁপা কণ্ঠে বলতে থাকেন, 'আমাদের ঘরে আগুন লেগেছে। আমরা ভিতরে আটকে পড়েছি। দয়া করে আমাদের বাঁচান।' এ কথা বলার পরই ফোনটা কেটে গিয়েছিল। এই ফোন পেয়েই পুলিশের সঙ্গে যোগাযোগ করে দমকল। তার পর পুলিশ এবং দমকলের একটি দল ঘটনাস্থলে পৌঁছোয়। সঙ্গে অ্যাম্বুল্যান্সও নিয়ে যাওয়া হয়। তবে কী ভাবে আগুন লাগল, তা স্পষ্ট নয়। দমকল জানিয়েছে, আগুনের কারণ খতিয়ে দেখা হচ্ছে। ফরেনসিক দলও ঘটনাস্থলে পৌঁছে নমুনা সংগ্রহ করেছে।

## ময়দান

# কলকাতা লিগের সূচিতে ক্ষুব্ধ ব্যারেটো, একদিনের নোটিসে স্থগিত ইস্টবেঙ্গল ম্যাচ

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** ফুটবল লিগের সূচি নিয়ে অসন্তোষ যেন দিন দিন আরও স্পষ্ট হচ্ছে। এবার সেই ক্ষোভ প্রকাশ করলেন মোহনবাগানের প্রাক্তন তারকা এবং বর্তমানে জর্জ টেলিগ্রাফের কোচ হোসে রামিরেজ ব্যারেটো। তাঁর অভিযোগ, এত অল্প সময়ের মধ্যে পরপর ম্যাচ খেলতে হওয়ায় ফুটবলারদের শারীরিক ও মানসিকভাবে প্রস্তুত রাখা কঠিন হয়ে উঠছে। পাশাপাশি লিগ পরিচালনার ধরন নিয়েও প্রশ্ন তুলেছেন তিনি। ব্যারেটো বর্তমানে জর্জ টেলিগ্রাফের দায়িত্বে রয়েছেন। মঙ্গলবার নিজের ফেসবুক অ্যাকাউন্টে একটি ক্লান্ত মুখের ছবি পোস্ট করেন তিনি। সেই ছবির ক্যাপশনে লেখেন, '৯ দিনে ৪ ম্যাচ।' সঙ্গে ছিল ক্লান্তির ইমোজি। সংক্ষিপ্ত এই পোস্টেই স্পষ্ট হয়ে যায়, বর্তমান সূচি নিয়ে তিনি কতটা বিরক্ত। মাত্র নয় দিনের মধ্যে চারটি ম্যাচ খেলতে হলে ফুটবলারদের পর্যাপ্ত বিশ্রাম, অনুশীলন কিংবা ম্যাচের প্রস্তুতির সুযোগ খুবই সীমিত হয়ে যায়। একজন কোচ হিসেবে সেটাই তাঁর সবচেয়ে বড় উদ্বেগ। তবে এটাই প্রথম নয়। কয়েকদিন আগেও কলকাতা লিগের সংগঠন ও সূচি নিয়ে প্রকাশ্যে মুখ খুলেছিলেন ব্যারেটো। তখন তিনি জানিয়েছিলেন, নির্ধারিত সময়ের অনেক পরে লিগ শুরু হলেও এখন যেন দ্রুত শেষ করার তাড়া দেখা যাচ্ছে। তাঁর মতে, দলগুলি অনেক সময় আগেভাগে জানতে পারছে না পরের ম্যাচ কবে হবে। ফলে অনুশীলনের পরিকল্পনা, ফুটবলারদের রিকভারি এবং



কৌশলগত প্রস্তুতি, সবকিছুই বিঘ্নিত হচ্ছে। ব্যারেটো আরও প্রশ্ন তুলেছিলেন প্রতিযোগিতার সমতা নিয়েও। তাঁর দাবি, বড় ক্লাবগুলি নিজেদের অধিকাংশ ম্যাচ ঘরের মাঠে খেলছে, অথচ ছোট দলগুলিকে বিভিন্ন সমস্যার মুখে পড়তে হচ্ছে। এতে প্রতিযোগিতার ভারসাম্য নষ্ট হচ্ছে বলেই মনে করেন তিনি। তাঁর বক্তব্য, কলকাতা লিগকে যদি সত্যিই একটি পেশাদার প্রতিযোগিতা হিসেবে তুলে ধরতে হয়, তাহলে সূচি তৈরি থেকে শুরু করে ম্যাচ আয়োজন, সব ক্ষেত্রেই আরও পরিকল্পিত ও স্বচ্ছ পদ্ধতি অনুসরণ করা প্রয়োজন। একই সঙ্গে তিনি ছোট ক্লাবগুলিকেও এই বিষয়গুলো নিয়ে সরব হওয়ার আহ্বান জানিয়েছেন। এদিকে মঙ্গলবার কলকাতা লিগে ইস্টবেঙ্গলের বেহালা এসএসের বিরুদ্ধে ম্যাচ হওয়ার কথা ছিল। কিন্তু নির্ধারিত ম্যাচের মাত্র একদিন আগে সেটি স্থগিত করে দেয় আইএফএ। সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে, ধর্মতলা এলাকায় ২১ জুলাই উপলক্ষে একাধিক রাজনৈতিক কর্মসূচি থাকায় নিরাপত্তা ও প্রশাসনিক কারণে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই ম্যাচকে সামনে রেখেই ইস্টবেঙ্গল তাদের নতুন বিদেশি ফরোয়ার্ড ডেভিড লালহানসাঙ্গাকে কলকাতা লিগের জন্য রেজিস্টার করিয়েছিল। ফলে তাঁর অভিষেকও আপাতত পিছিয়ে গেল। নতুন তারকাকে মাঠে নামানোর পরিকল্পনা থাকলেও ম্যাচ স্থগিত হয়ে যাওয়ায় সেই অপেক্ষা আরও কিছুদিন বাড়ল। সব মিলিয়ে কলকাতা লিগের সূচি, ম্যাচ পরিচালনা এবং প্রশাসনিক সিদ্ধান্ত নিয়ে প্রশ্ন ক্রমশ জোরালো হচ্ছে। ব্যারেটোর মতো অভিজ্ঞ ফুটবল ব্যক্তিত্ব প্রকাশ্যে অসন্তোষ জানানোয় বিতর্ক আরও তীব্র হওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে। এখন দেখার, আইএফএ এই অভিযোগগুলিকে কতটা গুরুত্ব দিয়ে ভবিষ্যতে সূচি ও আয়োজনের ক্ষেত্রে পরিবর্তন আনে।

**বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন**
**৯৮৩১৯১৯৭৯১**

**Notice Inviting e-Tender**

1. Open Tenders are being invited by the Administrator, North Barrackpore Municipality from Manufacturer/ bonafied suppliers for the followings:
**Tender Reference No.: 716/NBM/Store (2026_MAD_5017041_1)**
**Date: 20.07.2026**
**Sub.: Procurement of Electrical Items**
**Tender Reference No.: 717/NBM/Store (2026_MAD_5017043_1)**
**Date: 20.07.2026**
**Sub.: Procurement of Tyre, Tube, Rims, Ring Guards**
Last date of submission of tender:
**03.08.2026 within 5 PM.**
2. This is to notify all concerned that the date of the tender notice published in "Ekdin", "Echo of India" and "Bishwamitra" on 21.07.2026 for procurement of conservancy Items and Stationary Items are here by rectified:
**Tender Reference No.: 709/NBM/Store (2026_MAD_5017014_1)**
**Date: 17.07.2026**
**Sub.: Procurement of Stationary Items**
**Tender Reference No.: 710/NBM/Store (2026_MAD_5017015_1)**
**Date: 17.07.2026**
**Sub.: Procurement of Conservancy Items**
For details see
**http://tenders.wb.gov.in/nicgep/app**
Sd/- **Administrator**
**North Barrackpore Municipality**

DMC

**Durgapur Municipal Corporation**
**City Centre, Durgapur - 713216, Dist.- Paschim Bardhaman**

**Notice Inviting e-Tender**

**1) Name of the Work:** Repairing of Sewerage Line at Interconnection Road between Aldrin Path and Apollo Ave. within Ward- 27, under DMC.
e-Tender No. : WBDMC/DRGSW/NIT-13/26-27
Tender ID : 2026_MAD_5017129_1 • Estimated Amount : 1,85,444/-
**Last Date : 29th July 2026, 05:00 pm**

**2) Name of the Work:** Repairing of Street Lighting System by replacement of Damaged Loop Box, Faulty Cable, Earthing at Gitanjali Park, Bengal Ambuja, City Centre Ward No.- 22, under Durgapur Municipal Corporation.
e-Tender No. : WBDMC/ASSET/NIT-25/26-27
Tender ID : 2026_MAD_5017117_1 • Estimated Amount : 4,45,161/-
**Last Date : 29th July 2026, 05:00 pm**

**3) Name of the Work:** Repairing of Street Lighting System by replacement of Damaged Loop Box, Faulty Cable, Earthing at Sail Cooperative Ward No.- 22, under Durgapur Municipal Corporation.
e-Tender No. : WBDMC/ASSET/NIT-26/26-27
Tender ID : 2026_MAD_5017122_1 • Estimated Amount : 4,45,898/-
**Last Date : 29th July 2026, 05:00 pm**

**4) Name of the Work:** Extension of Lt O/H Distribution of ACSR Conductor and Pole Mounted Street Light Panel Box at ITI Gosai Tala Basti and Sramik Pally, under Ward No.- 28 and 29 of Durgapur Municipal Corporation.
e-Tender No. : WBDMC/PW/ELEC/NIT-11/26-27
Tender ID : 2026_MAD_5017154_1 • Estimated Amount : 1,41,679/-
**Last Date : 29th July 2026, 05:00 pm**

**5) Name of the Work:** Improvement of illumination with LED Street Light Fittings and Steel Tubular Pole at Milan Pally L- Block, under Ward No.- 11 of Durgapur Municipal Corporation.
e-Tender No. : WBDMC/PW/ELEC/NIT-12/26-27
Tender ID : 2026_MAD_5017148_1 • Estimated Amount : 1,53,983/-
**Last Date : 29th July 2026, 05:00 pm**

**6) Name of the Work:** Repairing of Bitumin Road by Mastic Asphalt from Roy Gumti to Kalabagan Main Road within Ward No.- 23, under DMC area.
e-Tender No. : WBDMC/COMM/PW/NIT-048/26-27
Tender ID : 2026_MAD_5017139_1 • Estimated Amount : 18,26,361/-
**Last Date : 05th August 2026, up to 05:00 pm**


**7) Name of the Work:** Installation of Led Flood Light Fittings on existing Poles, Erection of new Poles for surrounding area illumination and Electrical Distribution Wiring for the Toilet Block at Major Park, under Ward No.- 07, DMC.
e-Tender No. : WBDMC/PW/ELEC/NIT-13/26-27
Tender ID : 2026_MAD_5017153_1 • Estimated Amount : 7,89,853/-
**Last Date : 29th July 2026, up to 05:00 pm** **Sd/- Executive Engineer**
For details : tenders.wb.gov.in **Durgapur Municipal Corporation**

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email- dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত। **RNI No. WBBEN/2006/17404,** ফোন: ০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল: dailyekdin1@gmail.com **সম্পাদক: সন্তোষ কুমার সিং**



একদিন
ঘুরে ট্যুরে





# ভিন্ন আঙ্গিকের দুই জাগ্রত সতীপীঠ



**অরিন্দম ঘোষ**

সতীর দেহত্যাগের পর দেবাদিদেব মহাদেব তাঁকে নিয়ে নৃত্য করছিলেন। কিছুতেই থামছিল না সেই প্রলয়নৃত্য। তখন বিষ্ণু তাঁকে শান্ত করার জন্য সুদর্শনচক্রের মাধ্যমে সতীর দেহ ৫১ টি টুকরো করেন। দেহের বিভিন্ন খণ্ডিত অঙ্গ-প্রত্যঙ্গ এইভাবেই বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়ে । যে সমস্ত স্থানে সেগুলো পড়েছিল সেইসমস্ত স্থানে গড়ে ওঠে এক - একটা পবিত্র সতীপীঠ । আজ আমরা সেরকমই জাগ্রত দুটো সতীপীঠের গড়ে ওঠার কাহিনী নিয়ে আলোচনা করব। এই দুই জাগ্রত সতীপীঠে সারা বছর ও বিশেষ সময়ে অগণিত ভক্ত সমাগম হয়ে থাকে ।

(১)

নির্জন, নিরিবিলি, লোকালয় থেকে বেশ কিছুটা দূরে গড়ে ওঠা এরকমই এক সতীপীঠ হলো রত্নাবলী সতীপীঠ । প্রায় ৭০০ বছরের পুরনো এই পীঠের পাশ দিয়ে একসময় তিরতির ক'রে আপন ছন্দে বয়ে চলত রত্নাকর নদী ।




পাশেই শ্মশানভূমি । রত্নাকর নদীর নাম অনুসারে এখানে মায়ের নাম রত্নাবলী, যদিও রত্নাকর নদী বর্তমানে তার চলার স্বাভাবিক ছন্দ হারিয়েছে । ক্রমশ মজে যেতে যেতে এই নদী বর্তমানে প্রায় খালে পরিণত হয়েছে । পৌরাণিক কাহিনী অনুসারে জানা যায় যে , সতীর দক্ষিণ স্কন্ধ বা ডান কাঁধ এখানে পতিত হয়েছিল । ৫১ সতীপীঠের অন্যতম হুগলি জেলার খানাকুলে অবস্থিত এই সতীপীঠ । ঘন্টেশ্বর শিব মন্দিরের পাশেই এর অবস্থান । স্থানীয়দের কাছে মা রত্নাবলী এখানে আনন্দময়ী নামেই বেশি পরিচিত। মা এখানে কুমারী , পার্শ্ববর্তী ঘন্টেশ্বর শিব মন্দিরে মহাদেবের ভৈরব রূপ হলো ঘন্টেশ্বর । বিভিন্ন সময় বহু তন্ত্রসাধক ও ব্রহ্মচারীগণ এই শক্তিপীঠে এসে তন্ত্রসাধনা করেছেন। তন্ত্রকৃষ্ণসাধক কৃষ্ণানন্দ আগমবাগীশও এখানে এসেছিলেন তন্ত্রসাধনা করার উদ্দেশে। ' কাব্য মীমাংসা ' গ্রন্থেও এই জাগ্রত সতীপীঠের উল্লেখ পাওয়া যায়।

প্রচলিত জনশ্রুতি অনুযায়ী , ৭১৪ সালে এই অঞ্চলে আসেন বর্ধমানের জমিদার বংশের এক সন্তানত্ত তাঁর নাম স্বরূপনারায়ণ ব্রহ্মচারী । একদিন গভীর রাত্রে তিনি দেখতে পান যে , শিমুল গাছের তলায় একটা জায়গা থেকে তীব্র আলো নির্গত হয়ে জায়গাটাকে আলোকিত করে তুলছে । সেই আলোকজ্যোতি অনুসরণ ক'রে এগিয়ে যান সাধক । সেখানে তিনি একটা প্রস্তরখণ্ডের সন্ধান পান । তৎক্ষণাৎ তিনি ধ্যানে বসে স্তব করতে থাকেন । ধ্যানযোগে তিনি জানতে পারেন যে , সতীমায়ের দক্ষিণ স্কন্ধের অঙ্গের টুকরো এখানে পড়ে আছে । এই পাথরের টুকরোই দেবীর সেই অঙ্গ । এরপর স্বরূপনারায়ণ ব্রহ্মচারী দেবীর স্বপ্নাদেশ পান। সেই নির্দেশ অনুযায়ী তিনি সেখানে দেবীমূর্তি তৈরি করেন ও প্রতিষ্ঠা করেন । বাকি জীবন মায়ের সাধনা করেই অতিবাহিত ক'রে এখানেই দেহত্যাগ করেন । স্বরূপনারায়ণের মৃত্যুর পর জানা যায়নি যে , তিনি কোথায় পাথরের টুকরোটি রেখে গিয়েছেন । আসলে কাউকেই তিনি সেটা বলে যাননি । তাই বর্তমানে এই দেবী মূর্তিকেই ভক্তিভরে পুজো করা হয়ে থাকে। এখানে উল্লেখ্য যে , স্বরূপনারায়ণ ব্রহ্মচারীর নির্দেশে দেবীর পুজোর সময় এখনও প্রথম সংকল্প স্বরূপনারায়ণের নামেই করা হয়ে থাকে।

প্রথমদিকে দেবী ও ভৈরবে দু'টি মন্দিরই ছিল তালপাতায় ছাওয়া । পরবর্তীকালে গ্রামবাসীরা মন্দিরের জন্য জমি দান ক'রে পাকা মন্দির নির্মাণ করেন। হিন্দুদের কাছে অত্যন্ত পবিত্র এই সতীপীঠ। দূর-দূরান্ত থেকে ভক্তরা ছুটে আসেন মায়ের টানে। পুজোর জন্য বিভিন্ন উপাচার নিবেদন করেন তাঁরা। মানত পূরণ হয়ে যাওয়ার পর ছাগ বলির প্রথা প্রচলিত। সন্ধ্যার সময় প্রথম দেবীর আরতি হয়। তারপর ভৈরবের আরতি সম্পন্ন হয়।

দেবীর নিত্যসেবায় ফল, মিষ্টির সঙ্গে অন্নভোগও থাকে । আশ্বিন ও চৈত্র মাসে এখানে মহাসমারোহে নবরাত্রি উৎসব পালন করা হয়ে থাকে। কার্তিক মাসের অমাবস্যা, দীপান্বিতা অমাবস্যা ও মাঘ মাসের রটন্তী চতুর্দশীতে দেবীর বিশেষ পুজো অনুষ্ঠিত হয়ে থাকে । এই পীঠের কুণ্ডের জল অত্যন্ত পবিত্র বলে ভক্তরা বিশ্বাস ক'রে থাকেন।

দেবী রত্নাবলী এখানে মুণ্ডমালিনী , চতুর্ভূজা ও দিগম্বরী । তাঁর দুই বাম হাতের একটিতে রয়েছে খাঁড়া, অন্যটিতে অসুরের মাথা। দুই ডান হাতের একটিতে আছে বর , অন্যটিতে অভয় মুদ্রা । দেবীর মাথায় মুকুট ও গলায় হার।

এই জাগ্রত সতিপীঠকে ঘিরে জড়িয়ে রয়েছে নানারকম লৌকিক ও অলৌকিক কাণ্ডকারখানা । রত্নাবলী মন্দিরের মূল গর্ভগৃহে কোনো প্রকার আলোর ব্যবস্থা নেই । স্থানীয় মানুষজনের সঙ্গে কথা বলে জানা গেলো যে ,একসময় মূল মন্দিরে আলোর ব্যবস্থা করা হয়েছিল । কিন্তু, মায়ের ইচ্ছায় কোনো প্রকারের আলোই স্থায়ীভাবে কার্যকর করা যায়নি। তাই মন্দিরের মূল গর্ভগৃহে মা আজও প্রদীপ বা মোমবাতির আলোয় পূজিতা হন।

মায়ের মন্দিরের পাশে মন্দির চত্বরে আরও কিছু মন্দির রয়েছে , যেমন ত্ত অন্নপূর্ণা মন্দির, বিশালাক্ষী মন্দির , রাধাগোবিন্দ মন্দির , ষষ্ঠী মন্দির ইত্যাদি ।




হাওড়া - তারকেশ্বর মেন লাইনে তারকেশ্বরে নেমে সেখান থেকে গড়েরঘাটগামী বাসে ক'রে খানাকুল রাধানগর বাসস্টপে নামতে হবে । এই বাসস্টপ থেকে কিছুটা হেঁটে এগিয়ে গেলেই এই শক্তিপীঠ দর্শন করা যায়।

(২)

আর একটা সতীপীঠের কথা শোনানো যাক। নদীয়া জেলার শান্তিপুর রেল স্টেশনের তিন নম্বর রেলগেট থেকে কিছুটা ভেতর দিয়ে গেলেই এই জাগ্রত সতীপীঠ দর্শন করা যায় । নিরুপদ্রব , নিরিবিলি বিস্তীর্ণ আমবাগান । কেউ কোত্থাও নেই , কেবল নানারকম পাখির কূজনে এক গা ছমছমে রোমাঞ্চকর পরিবেশ । এক - একটা আমগাছ যে বহু পুরনো তাদের গায়ে গজিয়ে ওঠা শ্যাওলা সেকথা পরিষ্কারভাবে জানান দিচ্ছে ।ছায়া সুনিবিড় , সুশীতল এই প্রাঙ্গণের মধ্য দিয়ে বেশ কিছুটা পথ হেঁটে গেল গেলে চোখে পড়বে কাঁটাতার দিয়ে তৈরি বেষ্টনী । এই বেষ্টনী ভেদ ক'রে আরও কিছুটা অগ্রসর হলেই এই জাগ্রত সতীপীঠ দর্শন করা যায়। এই পীঠ নোয়াজনীতলা বা নোয়াজনীপীঠ নামে পরিচিত । সতীর দেহচ্ছেদের সময় তাঁর হাতের নোয়া এখানে পতিত হয়েছিল বলে শোনা যায়।

প্রচলিত লোককাহিনী অনুসারে জানা যায় যে, পীঠের অদূরে বয়ে চলা সুরধনী গঙ্গার মাথায় পতিত হয়েছিল মায়ের নোয়া । তাই সেখান থেকেই এই স্থান নোয়াজনী মাতার থান নামে পরিচিতি লাভ করেছে। যাই হোক, সতী মায়ের নোয়া পতিত হওয়ার পর ভক্তদের কাছে সেকথা অজ্ঞাতই থেকে যায় । বিশ্বমিত্র মুনি এখানে কিছুদিন অবস্থান করেছিলেন। সেইসময় তিনি ধ্যানযোগে জানার পর এই খবর প্রথম প্রচার ক'রে যান। তারপর থেকেই মানুষের মুখে মুখে সেকথা ছড়িয়ে পড়তে থাকে। কামাখ্যাসিদ্ধ, কামরূপসিদ্ধ প্রভৃতি বহু তান্ত্রিকের দেখা মিলল এখানে। তাঁদের কাছ থেকে জানা গেলো যে, তখন থেকে মা এখানে শিলারূপে পূজিতা হয়ে আসছেন।

মা মনসা ও মহাদেবের বেদীর সামনেই নোয়াজনী মাতার বেদী । মায়ের মূল বেদীর পিছনে লাল শালু কাপড় জড়ানো বিশালাকৃতি এক বটগাছ । শোনা যায়, মা মনসার সাঙ্গপাঙ্গরা খুব শান্তিতে এখানে নিরুপদ্রব জীবনযাপন ক'রে থাকে। সাধুদের ঘরের ভিতর প্রবেশ করলে বিছানার পাশে রাখা দু'টো নরমুণ্ড সহ মা তারার দেখা মেলে ।

একজন সাধু জানালেন যে নোয়াজনী মাতাকে প্রসাদ নিবেদন করার সময় একটা বাদামি পাখি খুঁটিতে বাধা মালসা থেকে প্রতিদিন প্রথম প্রসাদ সেবন করে । সে প্রসাদ খাওয়ার পর তবেই ভক্তদের প্রসাদ বিতরণ করা হয়।

এইভাবেই যুগ- যুগান্ত ধ'রে জেগে রয়েছে বহু শতাব্দী প্রাচীন এই দুই জাগ্রত সতীপীঠ । বহুল প্রচারিত যে সমস্ত সতীপীঠ আমরা দর্শন ক'রে থাকি তার থেকে সম্পূর্ণ অন্যরকম এই দুই পীঠ দর্শন করার পর মনের মধ্যে আধ্যাত্মিক ভাব জাগরিত হতে বাধ্য। দু'টি পীঠের কর্তৃপক্ষের সঙ্গেই কথা বলে জানা গেলো যে , অত্যন্ত জাগ্রত এই দুই পীঠে মাকে মন থেকে ডাকলে কখনও তিনি ভক্তদের নিরাশ করেন না এবং সেক্ষেত্রে ভক্তদের মনোবাঞ্ছা পূর্ণ হবেই।



# ইটের শরীরে সময়ের স্পন্দন

# বিক্রমশীলা


**সঞ্জয়কুমার দাস**

"বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি। / দেশে দেশে কত-না নগর রাজধানী; / মানুষের কত কীর্তি, কত নদী গিরি সিন্ধু মরু, / কত-না অজানা জীব, কত-না অপরিচিত তরু / রয়ে গেল অগোচরে। বিশাল বিশ্বের আয়োজন; / মন মোর জুড়ে থাকে অতি ক্ষুদ্র তারি এক কোণ।" রবীন্দ্রনাথ ঠাকুরের 'ঐকাতান' কবিতার সূচনাটিই যেন ভ্রমণ-পিপাসায় জারিত করে আমাদের। আদিতে ভ্রমণ ছিল ধর্মীয় উদ্দেশ্যে। কিন্তু এখন ভ্রমণ বলতে সময়ের গায়ে হাত রেখে অতীতের স্পন্দন অনুভব করা। কখনও নদী, কখনও পাহাড়, কখনও ধ্বংসস্তূপ কিংবা কোনো প্রাচীন ইটের স্তূপ আমাদের সামনে খুলে দেয় বহু শতাব্দী আগের এক বিস্মৃত সভ্যতার দরজা। ফরাক্কা থেকে বিক্রমশীলার পথে বেরিয়ে আমি যেন সেই দরজারই কড়া নাড়তে গিয়েছিলাম।

ভোরের আলো তখনও পুরোপুরি ছড়িয়ে পড়েনি। ফরাক্কার আকাশে বর্ষার মেঘের সঙ্গে সূর্যের লুকোচুরি চলছে। গঙ্গার জল বর্ষার কর্দমাক্ত ঘোলা। বাতাসে ভেজা মাটির গন্ধ। আমরা কয়েকজন, জঙ্গীপুর ষষ্ঠ শিল্প-সাহিত্য উৎসব আয়োজনে যারা দায়িত্বের জোয়াল কাঁধে নিয়েছিলেন, তাঁদের কয়েকজন মিলে একদিবসীয় ভ্রমণবিলাসে মালদা-কিউল ইন্টারসিটি এক্সপ্রেসে উঠলাম। গন্তব্য বিহারের ভাগলপুর জেলার অন্তিচক গ্রামে অবস্থিত বিক্রমশীলা মহাবিহার। দূরত্ব খুব বেশি নয়, কিন্তু পথের প্রতিটি বাঁক যেন এক একটি নতুন অনুভবের জন্ম দিচ্ছিল।

ফরাক্কা ব্যারাজ পেরিয়ে ট্রেন পথ এগোতে থাকল বিহারের দিকে। আমি মালদা টাউন স্টেশনে ট্রেনে উঠি। বাকিরা অপেক্ষা করছিলেন নিউ ফরাক্কা জংশনে। রাস্তার দুই পাশে ধানক্ষেত, ভুট্টার জমি, কলাবাগান আর ছোট ছোট গ্রাম। কোথাও কৃষকের কাঁধে লাঙল, কোথাও মাঠে সাদা বকের সারি। মাঝে মাঝে চায়ের দোকান। কেটলির ধোঁয়া আর আদা-চায়ের গন্ধ পথিককে ডাক দেয়। মনে হচ্ছিল, এ পথ বহু শতাব্দী ধরেই মানুষের যাতায়াতের সাক্ষী। হয়তো এই পথ দিয়েই কোনোদিন বৌদ্ধ ভিক্ষুরা জ্ঞান অন্বেষণে গিয়েছেন, আবার কোনোদিন রাজদূত কিংবা বণিকও পেরিয়ে গেছেন।

পথ যত এগোয়, মন ততই ইতিহাসের দিকে ঝুঁকে পড়ে। বিক্রমশীলা নামটি উচ্চারণ করলেই মনে পড়ে পাল যুগের সেই গৌরবোজ্জ্বল অধ্যায়ের কথা। অষ্টম শতকে পাল সম্রাট ধর্মপাল প্রতিষ্ঠা করেছিলেন এই মহাবিদ্যালয়। একসময় এটি ছিল সমগ্র ভারতবর্ষ তথা এশিয়ার অন্যতম শ্রেষ্ঠ শিক্ষাকেন্দ্র। নালন্দার সঙ্গে যার নাম একই নিঃশ্বাসে উচ্চারিত হতো। দর্শন, ব্যাকরণ, যুক্তিবিদ্যা, চিকিৎসাশাস্ত্র, তন্ত্র, বৌদ্ধধর্ম, ভাষা ও সাহিত্যের পাঠ চলত এখানে। তিব্বত, নেপাল, ভুটান, চীন, শ্রীলঙ্কা ও দক্ষিণ-পূর্ব এশিয়ার বহু ছাত্র এখানে বিদ্যা অর্জনের জন্য আসতেন। সকাল ৮ টা ৫০ নাগাদ আমরা কাহালগাঁও স্টেশনে নামলাম। বিহারে এসেছি আর লিট্টিচোখা চাখা হবে না তাই কি হয়? সে পর্ব সমাপ্ত হলে অটো রিজার্ভ করর গন্তব্যে যাত্রা। দুধারে জনবসতি, শস্যক্ষেত দেখে মনে হচ্ছিল যেন আমরা মুর্শিদাবাদেই রয়েছি। তেমন তফাৎ চোখে পড়েনি। কয়েক ঘণ্টার পথ শেষে দূরে লালচে ইটের বিস্তীর্ণ ধ্বংসাবশেষ চোখে পড়তেই মনে হলো, ইতিহাস যেন আমাদের সামনে এসে দাঁড়িয়েছে। প্রবেশপথে দাঁড়িয়ে কিছুক্ষণ নির্বাক হয়ে রইলাম। এতদিন বইয়ের পাতায় পড়া বিক্রমশীলা আজ বাস্তব। আধুনিক প্রবেশদ্বার, টিকিট কাউন্টার, ঝা চকচকে মিউজিয়াম, বিশ্রামবাগান এবং ইটের চাদর মোড়া আধুনিক রাস্তায় মন এইয়ে চলল, শরীরের বহু আগেই। এদেশীয়দের জন্য ২৫ টাকা এবং বিদেশিদের জন্য ৩০০ টাকার প্রবেশমূল্য।



ভেতরে ঢুকতেই প্রথমেই চোখে পড়ে বিশাল চতুষ্কোণ পরিকল্পনায় নির্মিত মহাবিহারের অবশেষ। মাঝখানে উঁচু স্তূপসদৃশ মন্দির, চারদিকে সারি সারি ভিক্ষুকক্ষ। প্রতিটি কক্ষ যেন নীরব ইতিহাসের সাক্ষ্য বহন করছে। এখানে কেউ ধ্যান করতেন, কেউ পুঁথি লিখতেন, কেউ বিতর্কে অংশ নিতেন, কেউ আবার দূরদেশের ভাষা শিখতেন। আজ সেখানে কেবল বাতাসের শব্দ। কিন্তু সেই নীরবতাও যেন হাজার বছরের ভাষা জানে।

ইট-পাথরে স্পর্শানুভূতি নিলাম। সাধারণ পোড়া ইট। অথচ এই ইটই হয়তো কোনোদিন একজন পণ্ডিতের পদস্পর্শ পেয়েছিল। হয়তো এখানে বসেই কোনো অজ্ঞাত ভিক্ষু লিখেছিলেন এমন কোনো গ্রন্থ, যার অনুবাদ আজও তিব্বতের কোনো মঠে সংরক্ষিত। ইতিহাসের সবচেয়ে বড় বিস্ময় বোধহয় এখানেই। মানুষ হারিয়ে যায়, কিন্তু তার জ্ঞানের আলো থেকে যায় অনন্তকাল।



মহাবিহারের মাঝখানের বিশাল স্তূপের চারদিকে ঘুরতে ঘুরতে মনে হচ্ছিল, সময় যেন উল্টো দিকে হাঁটছে। চোখ বন্ধ করতেই কল্পনায় ভেসে উঠল গেরুয়া বস্ত্র পরিহিত শত শত ভিক্ষু। ঘণ্টাধ্বনি বাজছে। শ্রেণিকক্ষে গুরু শিষ্যদের পাঠ দিচ্ছেন। কোথাও তর্কসভা চলছে। কোথাও সংস্কৃত শ্লোক আবৃত্তি। কোথাও আবার তালপাতার পুঁথিতে কলমের আঁচড়।

বিক্রমশীলার সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িয়ে আছেন মহাপণ্ডিত অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান। এখানকার অন্যতম প্রধান আচার্য ছিলেন তিনি। পরে তিব্বতে গিয়ে বৌদ্ধধর্মের নবজাগরণ ঘটিয়েছিলেন। এই ধ্বংসস্তূপের ভেতর দাঁড়িয়ে তাঁর কথা মনে পড়তেই এক অদ্ভুত শিহরণ জাগল। কত বড় মানুষ এই পথ দিয়ে হেঁটেছেন! কত ভাবনা, কত দর্শন, কত আলোকপ্রাপ্তির ইতিহাস লুকিয়ে আছে এই ইটের ভাঁজে। প্রত্নতাত্ত্বিকদের যত্নে সংরক্ষিত স্থাপত্যগুলি ঘুরে দেখতে দেখতে বোঝা যায়, পরিকল্পিত স্থাপত্যে নির্মিত হয়েছিল সমগ্র শিক্ষাকেন্দ্রটি। বায়ু চলাচল, আলো, অধ্যয়ন, ধ্যান, সমবেত প্রার্থনা, সবকিছুরই ছিল সুপরিকল্পিত ব্যবস্থা। আজকের আধুনিক বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে তুলনা করলে বিস্ময় আরও বাড়ে। এক হাজার বছরেরও আগে এমন সুসংগঠিত আবাসিক শিক্ষাব্যবস্থা সত্যিই অভাবনীয়।

দুপুরের রোদ তখন ধীরে ধীরে নরম হচ্ছে। চারদিকে খুব বেশি পর্যটক নেই। ফলে জায়গাটা আরও রহস্যময় মনে হচ্ছিল। কয়েকটি প্রজাপতি উড়ে বেড়াচ্ছে। কোথাও ঘাসের ফাঁকে বুনো ফুল। একটি কাঠবিড়ালি ইটের গা বেয়ে ছুটে গেল। মনে হলো, প্রকৃতি যেন ধীরে ধীরে নিজের কোলে ফিরিয়ে নিচ্ছে ইতিহাসকে। এক কোণে বসে কিছুক্ষণ শুধু তাকিয়ে রইলাম। মানুষের সব অর্জনের শেষ পরিণতি কি তবে ধ্বংস? আবার মনে হলো, না। ইট ভেঙেছে, প্রাসাদ হারিয়েছে, কিন্তু জ্ঞানের ঐতিহ্য তো এখনও বেঁচে আছে। পৃথিবীর নানা বিশ্ববিদ্যালয়ে আজও বিক্রমশীলার নাম শ্রদ্ধার সঙ্গে উচ্চারিত হয়। সভ্যতা ধ্বংস হতে পারে, কিন্তু জ্ঞানের উত্তরাধিকার কখনও সম্পূর্ণ মুছে যায় না।

মহাবিহারটি দেখভালের জন্য যেসকল রক্ষীগণ রয়েছেন তাঁদের একজন বললেন 'উধার কোণে মে লাইব্রেরি হ্যায়'। আমরা তখন মূল বৌদ্ধবিহারটির তৃতীয় তলে অবস্থান করছিলাম। লাইব্রেরির কথা শুনে একপায়ে খাড়া। দক্ষিণ-পশ্চিমকোণে লাইব্রেরির পথে এগিয়ে যেতেই সুসজ্জিত আম্রকানন দৃষ্টির পাথারে সৌরভ ছড়িয়ে দিল। আকাশ মেঘলা, আর হাওয়ায় ঘাসেদের মাথা দোলানো দেখে মনে পড়ে যাচ্ছিল শৈশবে পড়া জ্যোতিরিন্দ্র মৈত্রের লেখা লাইনগুলি, 'আমরা ঘাসের ছোট ছোট ফুল / হাওয়াতে দোলাই মাথা, / তুলো না মোদের দলো না পায়ে / ছিঁড় না নরম পাতা। / শুধু দেখ আর খুশি হও মনে / সূর্যের সাথে হাসির কিরণে / কেমন আমরা হেসে উঠি আর / দুলে দুলে নাড়ি মাথা।' শেষপর্যন্ত আমরা আম্রবীথি অতিক্রম করে পৌঁছলাম সেই গ্রন্থাগারে যেখানে একদা বিশ্বের জ্ঞানপিপাসুরা ভিড় জমাতেন। ফেরার আগে স্থানীয় কয়েকজন মানুষের সঙ্গে কথা হলো। তাঁদের কণ্ঠে ছিল গর্ব। তাঁরা জানালেন, শীতকালে বহু দেশি-বিদেশি পর্যটক এখানে আসেন। কেউ ইতিহাস খুঁজতে, কেউ গবেষণার কাজে, কেউ নিছক কৌতূহলবশে। তাঁদের কথায় বুঝলাম, বিক্রমশীলা অতীতের স্মারকমাত্র নয়, বর্তমানেরও এক জীবন্ত পরিচয়।

বিকেলের আলো তখন পশ্চিমে ঢলে পড়েছে। আমরা ফেরার পথে গাড়িতে উঠলাম। কিন্তু এবারে আমাদের গন্তব্য শান্তি বাবা, বাঙালি বাবা এবং পাঞ্জাবি বাবা নামক দ্বীপে যা বিক্রমশীলা দ্বীপ নামেও খ্যাত। কেউ কেউ আবার থাইল্যান্ড দ্বীপও বলে থাকেন। এটি এশিয়া মহাদেশের অন্যতম ডলফিন অভয়ারণ্যও বটে। আমরা বোটে করে পৌঁছলাম সেই দ্বীপগুলিতে। পাঞ্জাবিবাবা দ্বীপেই হলো আমাদের কবিতাযাপন। এক অলৌকিক অনুভূতি। দ্বীপগুলিতে গুপ্ত ও পাল রাজত্বকালের গুহা-মন্দির রয়েছে। গঙ্গার দিক থেকে হালকা বাতাস আসছে। আকাশ ঘিরে তখন কালো মেঘের ছায়া। নাবিকের তাড়নায় ফিরলাম পাড়ে। সেখান থেকে হেঁটে স্টেশনচক। হোটেলে ভাতের সন্ধান। খাওয়া-দাওয়া শেষে স্টেশন পৌঁছনো। স্টেশনে পৌঁছনোর মিনিট দশেকেই মুষলধারে বৃষ্টি।

নির্ধারিত সময়েই এলো ট্রেন। জানালার বাইরে ছুটে চলেছে সবুজ মাঠ, ছোট্ট গ্রাম, নদী আর মানুষের জীবন। কিন্তু আমার মন পড়ে রইল সেই লাল ইটের ধ্বংসস্তূপে। ফরাক্কায় ফিরে যখন সন্ধ্যার আলো জ্বলেছে, তখন মনে হচ্ছিল, এক দিনের এই সফর যেন কয়েক শতাব্দীর পথচলা। আমরা ভেবেছিলাম একটি প্রত্নস্থল দেখতে যাচ্ছি। কিন্তু ফিরলাম ইতিহাস, শিক্ষা, সংস্কৃতি এবং মানবসভ্যতার এক গভীর উপলব্ধি নিয়ে।

বিক্রমশীলা শেখালো, সভ্যতার প্রকৃত শক্তি রাজপ্রাসাদে নয়, অস্ত্রভাণ্ডারে নয়, জ্ঞানের ভাণ্ডারে। যে সমাজ জ্ঞানকে লালন করে, সেই সমাজই যুগ যুগ ধরে মানুষের হৃদয়ে বেঁচে থাকে। ধ্বংসস্তূপের প্রতিটি ইট যেন সেই কথাই নীরবে বলে যায়। ফরাক্কা থেকে বিক্রমশীলার এই ভ্রমণ তাই আমার কাছে এক অমূল্য প্রাপ্তি। অতীতের সঙ্গে বর্তমানের সংলাপ, ইতিহাসের সঙ্গে আত্মপরিচয়ের সাক্ষাৎ এবং জ্ঞানের প্রতি নতুন করে মাথা নত করার এক বিরল অভিজ্ঞতা। রস্ত্রি নটা নাগাদ বাড়ি ফিরলাম। কিন্তু রেশ তখনও আছে। সেই যাত্রার অনুরণন আজও মনের ভেতর বেজে চলেছে। মনে হয়, আবার কোনো এক ভোরে গঙ্গার ধারে দাঁড়িয়ে রওনা হব, কারণ ইতিহাসের পথে একবার হাঁটলে সেই পথ মানুষকে বারবার ডেকে নেয়।